সেকেন্ডারী এডুকেশান কোয়ালিটি অ্যান্ড অ্যাক্সেস এনহান্সমেন্ট প্রজেক্ট (সেকায়েপ)

অতিরিক্ত ক্লাশ শিক্ষক কর্মসূচী (এসিটি) অপারেশন ম্যানুয়াল

মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর

শিক্ষা মন্ত্রণালয়

অতিরিক্ত ক্লাশ শিক্ষক কর্মসূচী (এসিটি) অপারেশন ম্যানুয়াল

ভূমিকা

১. প্রকল্পের উদ্দেশ্য:

সেকেন্ডারী এডুকেশান কোয়ালিটি অ্যান্ড অ্যাকসেস এনহান্সমেন্ট প্রজেক্ট (সেকায়েপ)-এর উদ্দেশ্য হচ্ছে প্রকল্পভুক্ত উপজেলাসমূহে মাধ্যমিক পর্যায়ে শিক্ষার মানোন্নয়ন, ধারাবাহিকভাবে শিখন ফলাফল পর্যবেক্ষণ এবং সবার জন্য শিক্ষার সমান সুযোগ বাড়ানো। মূল সেকায়েপ ১২৫টি উপজেলায় মাধ্যমিক পর্যায়ের শিক্ষা প্রতিষ্ঠানসমূহকে সহায়তা প্রদান করছে এবং অতিরিক্ত অর্থায়নের মাধ্যমে প্রকল্পের কার্যক্রম আরো ৯০টি উপজেলায় সম্প্রসারিত হয়েছে। অর্থাৎ ২০১৫ সাল হতে মোট ২১৫টি উপজেলা প্রকল্প কার্যক্রমের আওতায় আসবে।

২. অতিরিক্ত ক্লাশ শিক্ষক কর্মসূচীর উদ্দেশ্য:

অতিরিক্ত ক্লাশ শিক্ষক কর্মসূচীর উদ্দেশ্য হলো দেশের মাধ্যমিক শিক্ষার ক্ষেত্রে সবচে কঠিন বিষয় হিসেবে চিহ্নিত ইংরেজি, গণিত ও বিজ্ঞান বিষয়ে শিক্ষার্থীদের শিখনের মান উন্নয়ন। কর্মসূচীর সুনির্দিষ্ট উদ্দেশ্যসমূহ হ'ল:

(ক) প্রকল্পভুক্ত নির্বাচিত শিক্ষা প্রতিষ্ঠানসমূহের ইংরেজি, গণিত ও বিজ্ঞান বিষয়ে শ্রেণী কক্ষ পর্যায়ে শিক্ষণ পদ্ধতির উন্নয়ন;

(খ) ইংরেজি, গণিত ও বিজ্ঞান বিষয়ে সুবিধাভোগী শিক্ষার্থীদের দক্ষতা বৃদ্ধির জন্য সহায়তা দেয়া;

(গ) জেএসসি/জেডিসি এবং এসএসসি/দাখিল পরীক্ষায় সার্বিক পাশের হার বৃদ্ধি করতে অবদান রাখা।

৩. অতিরিক্ত ক্লাশ শিক্ষক কর্মসূচী:

অতিরিক্ত ক্লাশ শিক্ষক কর্মসূচীর লক্ষ্য হ'ল নির্বাচিত যেসব শিক্ষা প্রতিষ্ঠানে ইংরেজি, গণিত ও বিজ্ঞান বিষয়ে কোন বিষয়ভিত্তিক শিক্ষক নেই অথবা বিষয় শিক্ষক অপর্যাপ্ত সেগুলিতে সহায়তা প্রদান করা। চলমান অতিরিক্ত ক্লাশ বিশেষজ্ঞ শিক্ষক বা "এসি-আরটি" কর্মসূচী প্রত্যাহারের পর সেকায়েপ অতিরিক্ত ক্লাশ শিক্ষক কর্মসূচী বাস্তবায়ন করবে। শিক্ষা ও আর্থ-সামাজিক দিক বিবেচনা করে নির্বাচিত প্রতিষ্ঠানসমূহে ইংরেজি, গণিত ও বিজ্ঞান বিষয়ে অতিরিক্ত ক্লাশ শিক্ষক পদায়ন করা হবে। এসিটি কর্মসূচী বাস্তবায়ন হবে সেকায়েপভুক্ত ২১৫টি উপজেলার মধ্যে ৬৪টি জেলার মোট ৬৪টি উপজেলায়। অতিরিক্ত ক্লাশ শিক্ষক কর্মসূচীর আওতাভুক্ত প্রতিষ্ঠানের সংখ্যা ২০১৭ শিক্ষাবর্ষ নাগাদ ২০০০টি পরিকল্পনা করা হয়েছে। ২০১৫ শিক্ষাবর্ষে ১ম ধাপে ৪০০টি, ২০১৬ শিক্ষবর্ষে ২য় ধাপে ১০০০টি এবং ২০১৭ শিক্ষাবর্ষে ৩য় ধাপে আরো ৬০০টি শিক্ষা প্রতিষ্ঠান যুক্ত হবে। যে সকল শিক্ষা প্রতিষ্ঠানে নিয়মিত বিষয় শিক্ষক নেই অথবা অপর্যাপ্ত সেগুলির জন্য অগ্রাধিকার ভিত্তিতে প্রকল্প অতিরিক্ত শ্রেণী শিক্ষক তালিকাভুক্ত করবে। তবে তালিকাভুক্ত হতে তাঁদেরকে অবশ্যই অতিরিক্ত শ্রেণী শিক্ষক-এর জন্য যোগ্যতার নির্ধারিত শর্ত পূরণ করতে হবে।

৪. অতিরিক্ত শ্রেণী শিক্ষক কর্মসূচীর কার্যক্রমসমূহ:

এ কর্মসূচীর আওতায় প্রদত্ত সহায়তাসমূহ হ'ল: (ক) কারিগরী সহায়তা প্রদানকারী প্রতিষ্ঠান (টিএ ফার্ম) নিয়োগ; (খ) কারিগরী সহায়তা প্রদানকারী প্রতিষ্ঠানের মাধ্যমে ইংরেজি, গণিত ও বিজ্ঞান বিষয়ের অতিরিক্ত শ্রেণী শিক্ষকগণকে মৌলিক ও নবায়ন প্রশিক্ষণ প্রদান; (গ) প্রকল্পভুক্ত শিক্ষা প্রতিষ্ঠানসমূহে নিয়মিত ক্লাসের আগে এবং প্রত্যেক শুক্রবার অথবা অন্য ছুটির দিনগুলিতে অতিরিক্ত ক্লাশের আয়োজন করা। অতিরিক্ত শ্রেণী শিক্ষক প্রতি সপ্তাহের সুবিধাজনক যে কোন এক দিন ছুটি ভোগ করতে পারবেন; (ঘ) প্রতিষ্ঠানভিত্তিক এইচটি/সুপার, এসএমসি/এমএমসি, পিটিএ, বিএসকে, ইউএসইও, লাইব্রেরীয়ান, প্রভৃতি বাস্তবায়ন সহযোগীদের নিয়ে অতিরিক্ত ক্লাশ কর্মসূচীর পরিচিতি অনুষ্ঠান আয়োজন করা; (ঙ) প্রতি মাসে নিয়মিত ক্লাশ ছাড়াও কমপক্ষে ১৬টি অতিরিক্ত ক্লাশ পরিচালনার জন্য অতিরিক্ত ক্লাশ শিক্ষকগণকে সংগঠিত ও উদ্বুদ্ধ করা; (চ) শ্রেণী কক্ষ সহায়তা প্রদানের ব্যবস্থা করা; (ছ) শিক্ষণ-শিখন উপকরণ সহায়তা প্রদান।

বাস্তবায়ন প্রক্রিয়া

৫. এসিটি কর্মসূচী বাস্তবায়নঃ

সেকায়েপ অতিরিক্ত ক্লাশ শিক্ষক কর্মসূচী বাস্তবায়ন করবে বাস্তবায়ন সহযোগী হিসেবে নিযুক্ত কারিগরী সেবা প্রদানকারী সংস্থার সহায়তায় । প্রতিষ্ঠান পর্যায়ে প্রতিষ্ঠান প্রধান, এসএমসি/এমএমসি/পিটিএ এবং উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা অতিরিক্ত ক্লাশ শিক্ষক কর্মসূচী বাস্তবায়নে সরাসরি সম্পৃক্ত হবেন। এসএমসি/এমএমসি অতিরিক্ত শিক্ষকগণের সাথে চুক্তিবদ্ধ হবে। অতিরিক্ত ক্লাশ শিক্ষকের সহায়তায় প্রতিষ্ঠান প্রধান অতিরিক্ত ক্লাশের রুটিন প্রস্তুত করবেন। কারিগরী সহায়তা প্রদানকারী সংস্থা অতিরিক্ত ক্লাশ শিক্ষকের কর্মসম্পাদন সম্পর্কে প্রতিষ্ঠান প্রধান প্রদত্ত রিপোর্ট ও মাসিক প্রত্যয়ন পত্র সেকায়েপে প্রেরণ করবে।

৬. সেকায়েপের সহায়তা প্রদান কৌশলঃ

অতিরিক্ত ক্লাশ কর্মসূচী ব্যবস্থাপনার জন্য টিএ ফার্মের সাথে সমন্বয় করতে সেকায়েপ - ইংরেজি, গণিত ও বিজ্ঞান - প্রতিটি বিষয়ে একজন করে তিনজন ফোকাল পারসন নিযুক্ত করবে। প্রতিটি বিষয়ের জন্য বিষয়ভিত্তিক অভিজ্ঞ দুজন করে কনিষ্ঠ পরামর্শক এই ফোকাল পারসনগণকে সহায়তা দেবেন। কারিগরী সহায়তা প্রদানকারী প্রতিষ্ঠান পরিচালনার দায়িত্ব পালন করবে সেকায়েপ। এছাড়াও সেকায়েপ সম্মত প্রক্রিয়া অনুসরণ করে অতিরিক্ত ক্লাশ শিক্ষকের মাসিক মূল পারিতোষিক ও নিয়মিত/অতিরিক্ত ক্লাশ পরিচালনার জন্য অন্যান্য ভাতাদি নিয়মিত পরিশোধের ব্যবস্থা করবে। সেকায়েপ অতিরিক্ত ক্লাশ শিক্ষকদের পারিতোষিক প্রদান নিশ্চিত করবে। এর ভিত্তি হবে সহায়তা প্রদানকারী সংস্থা হতে সংগৃহীত রিপোর্টসমূহ। রিপোর্টগুলি পাল্টা যাচাইয়ের (ক্রস চেক) পর এসিএফ (Award Confirmation Form) প্রক্রিয়াকরণ করা হবে। প্রতিষ্ঠান প্রধানের প্রত্যয়নের ভিত্তিতে এমআইএস সেল খসড়া এসিএফ প্রস্তুত করে পিএমটিএ (প্রক্সি মীন্‌স টেস্টিং অ্যাডমিনিস্ট্রেটর) বরাবর প্রেরণ করবে। পিএমটিএ প্রাপ্ত তথ্য ও উপাত্তসমূহ নিজস্ব তথ্য ভান্ডারে একীভূত করে এসিএফ চূড়ান্ত করবে এবং পরে তা অনুমোদনের জন্য সেকায়েপ কার্যালয়ে পাঠাবে। এমইডব্লিউ সম্মত প্রক্রিয়ায় মাঠ পরিদর্শনের ওপর ভিত্তি করে প্রতিপালন পরিবীক্ষণ (Compliance Monitoring) প্রতিবেদন তৈরী করবে। এসিটি কর্মকান্ড বাস্তবায়নে কোন অনিয়ম পরিলক্ষিত হলে সেক্ষেত্রে এটি হবে অতিরিক্ত ক্লাশ শিক্ষকগণের পারিতোষিক প্রদানের ভিত্তি।

৭. কোয়ালিটি ওয়ার্কিং কমিটি (কিউডব্লিউসি):

সেকায়েপ একজন অতিরিক্ত প্রকল্প পরিচালকের নেতৃত্বে একটি কমিটি গঠন করবে। ১০ (দশ) সদস্য বিশিষ্ট কমিটির নাম হবে ‘কোয়ালিটি ওয়ার্কিং কমিটি (QWC)’। কমিটির কাজ হবে অতিরিক্ত ক্লাশ শিক্ষক কর্মসূচী পর্যবেক্ষণ ও প্রায়োগিক বিষয়ে সহায়তা প্রদান। টিএ ফার্মের প্রতিনিধিগণ আবর্তনক্রমে কোয়ালিটি ওয়ার্কিং কমিটি’র সদস্য সচিব হবেন। কোয়ালিটি ওয়ার্কিং কমিটি’র গঠন ও কর্ম-পরিধি (Term of Reference -ToR) পরিশিষ্ট-৩ দ্রষ্টব্য। কিউডব্লিউসি সদস্যগণ এসিটি কর্মসূচী বাস্তবায়নে নীতিগত সহায়তা প্রদান করবেন এবং অতিরিক্ত ক্লাশ শিক্ষকের প্রতিষ্ঠানে যৌথ পরিদর্শনের ব্যবস্থা করবেন। তারা অতিরিক্ত ক্লাশ শিক্ষক পরিচালিত শ্রেণী কক্ষ পরিদর্শন ও পর্যবেক্ষণ করবেন। পরিদর্শন শেষে দলটি অতিরিক্ত ক্লাশ শিক্ষককে প্রতিক্রিয়া জানাবে। তারা পর্যবেক্ষণ ও সুপারিশ সম্বলিত রিপোর্ট প্রকল্প পরিচালক ও টিএ প্রতিষ্ঠানকে পাঠাবে।

৮. কারিগরী সহায়তা প্রদানকারী সংস্থা কর্তৃক ব্যবস্থাপনাঃ

নির্বাচিত সকল প্রতিষ্ঠানসমূহে অতিরিক্ত ক্লাশ শিক্ষক কর্মসূচী বাস্তবায়নের জন্য এক বা একাধিক (প্রতি বিষয়ে একটি করে সর্বোচ্চ তিনটি) অভিজ্ঞতা ও দক্ষতাসম্পন্ন কারিগরী সহায়তা প্রদানকারী প্রতিষ্ঠান নিয়োগ করা হবে। টিএ প্রাথমিকভাবে বার্ষিক কর্ম-পরিকল্পনা প্রণয়ন করে পর্যালোচনা ও অনুমোদনের জন্য কিউডব্লিউসি’র কাছে পেশ করবে। টিএ প্রতিষ্ঠান প্রশিক্ষণ মডিউল প্রণয়ন, শিক্ষণ-শিখন উপকরণ ও সহায়ক পুস্তকসমূহ প্রস্তুত এবং পর্যালোচনা সম্পন্ন করবে অতিরিক্ত ক্লাশ শিক্ষকের প্রশিক্ষণের আগেই। এছাড়া টিএ সার্বক্ষণিক শ্রেণী কক্ষ সহায়তা প্রদান করবে। শ্রেণী কক্ষ পর্যবেক্ষণের মাধ্যমে এটা করা হবে যেন অতিরিক্ত ক্লাশ শিক্ষকগণ গৃহীত প্রশিক্ষণের প্রয়োগ ক্লাশ রুমে নিশ্চিত

করতে পারেন। অতিরিক্ত ক্লাশ শিক্ষক কর্মসূচী বাস্তবায়নে পিটিএ ও এসএমসি/এমএমসি'র সম্পৃক্ততা নিশ্চিত করতে হবে।

নিরীক্ষণের উদ্দেশ্যে প্রতিষ্ঠান প্রধান ও টিএ ফার্ম অতিরিক্ত ক্লাশ শিক্ষক কর্মসূচী'র প্রাসঙ্গিক নথিপত্র এবং সকল আর্থিক বিবরণী সংগ্রহ ও সংরক্ষণ করবে (চুক্তিনামা, রুটিন, পাঠ পরিকল্পনা ইত্যাদি)। টিএ ফার্ম অতিরিক্ত ক্লাশের সংখ্যা, প্রশিক্ষণের গুণগত মান ও শ্রেণী কক্ষ সহায়তা প্রদানের ওপর গুরুত্বারোপ করে একটি পর্যবেক্ষণ ও মূল্যায়ন কাঠামো উন্নয়ন করবে। সে অনুযায়ী সেকায়েপ বরাবর মাসিক, ত্রৈমাসিক ও বাৎসরিক প্রতিবেদন জমা দিবে। একইভাবে প্রতিবেদিত সমস্যা/চ্যালেঞ্জসমূহ সমাধানের জন্য QWC'র সভায় পেশ করবে। বিশ্ব ব্যাংক-এর পরামর্শক নির্বাচন গাইড লাইন অনুসরণ করে টিএ ফার্ম নির্বাচন করা হবে। সেকায়েপ টিএ ফার্মের ToR প্রণয়ন করে আইডিএ'র সম্মতি নিবে।

৯. কেন্দ্রীয় ও স্থানীয় পর্যায়ে সমন্বয়:

টিএ কেন্দ্রীয়ভাবে সেকায়েপের ফোকাল পারসনের সাথে নিবিড় সমন্বয়ের মাধ্যমে অনুমোদিত কর্ম-পরিকল্পনা অনুযায়ী সকল কার্যক্রম বাস্তবায়ন করবে। স্থানীয়ভাবে মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা, এসএমসি/এমএমসি/পিটিএ সভাপতির সাথে সমন্বয় করবে প্রতিষ্ঠান প্রধান। এসএমসি/এমএমসি ও পিটিএ সদস্যদের সহায়তায় টিএ প্রতিষ্ঠান লোকাল সাপোর্ট গ্রুপ (এলআরএস) সংগঠিত করবে। এলআরএস অতিরিক্ত ক্লাশ শিক্ষক কর্মসূচী ব্যবস্থাপনা, বাস্তবায়ন ও পরিবীক্ষণে গুরুত্বপূর্ণ ভূমিকা রাখবে। টিএ অতিরিক্ত ক্লাসের সংখ্যা পর্যবেক্ষণ করবে এবং এসিটি পারিতোষিক প্রদানের জন্য সুপারিশ করবে। সেকায়েপ এমআইএস সেল টিএ কর্তৃক সরবরাহকৃত তথ্যের ওপর ভিত্তি করে এসিটিগণের এসিএফ প্রণয়ন করবে। পিএমটিএ এসিএফ তথ্য ভান্ডারে একীভূত করার পর সেকায়েপ চূড়ান্ত অনুমোদন দেবে।

১০. উপজেলা বাছাই:

বিগত তিন বছরের এসএসসি/দাখিল ও সমমান পরীক্ষার ফলাফল (২০১১-২০১৩, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড হতে প্রাপ্ত) এবং দারিদ্রের হারের (বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরোর দারিদ্র মানচিত্র থেকে প্রাপ্ত) ওপর ভিত্তি করে সেকায়েপভুক্ত উপজেলাসমূহকে (নতুন ও পুরাতন) ক্রমানুযায়ী বিন্যস্ত করা হয়েছে। সকল উপজেলার জন্য সামগ্রিক বিন্যাস নিরুপণ করতে এসএসসি/দাখিল পাশের হারের পরপর তিন বছরের গড় এবং এক বছরের সাথে পরবর্তী বছরের পাশের হারের পরিবর্তন উপায় (Tool) হিসেবে ব্যবহৃত হয়েছে। দারিদ্র হার নিরুপণ করা হয়েছে ২০১৪ সনের বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরোর দারিদ্র মানচিত্র অনুশীলন থেকে। প্রত্যেক উপজেলার জন্য একটি সামগ্রিক অনুক্রমিক বিন্যাস এমনভাবে করা হয়েছে যাতে পাশের হারের গড়কে (২০১১-২০১৩) শতকরা ৫০ ভাগ মান (weight) ধরে, প্রতি বছরে পাশের হারের পরিবর্তনের জন্য শতকরা ২০ ভাগ মান এবং ৩০% ভাগ মান ধরা হয়েছে দারিদ্র হারের জন্য।

অতিরিক্ত ক্লাশ কর্মসূচীর জন্য দেশের ৬৪টি জেলা থেকে সবচে দরিদ্র, দুর্গম ও নিম্নতম ফলাফল অর্জনকারী উপজেলাকে বাছাই করা হয়েছে। এরূপ পদ্ধতিতে নিরুপিত ৬৪টি উপজেলার একটি তালিকা বিশ্ব ব্যাংক সরবরাহ করেছে। ৬৪টি উপজেলার মধ্যে ৪৭টি নেয়া হয়েছে পুরাতন ১২৫টি এবং ১৭টি নেয়া হয়েছে নতুন ৯০টি উপজেলা থেকে। ৬৪টি উপজেলার তালিকা পরিশিষ্ট-৯ দ্রষ্টব্য।

১১. প্রতিষ্ঠান নির্বাচন:

কর্মসূচীর জন্য প্রকল্পভুক্ত সম্ভাব্য প্রতিষ্ঠান নির্বাচন/বাছাই করতে নিম্নরূপ গাণিতিক পদ্ধতি ব্যবহৃত হয়েছে:

(ক) ২০১১ থেকে ২০১৩ সন পর্যন্ত এসএসসি/দাখিল পরীক্ষার ফলাফলের ওপর ভিত্তি করে ৬৪টি উপজেলার মাধ্যমিক শিক্ষা প্রতিষ্ঠানসমূহের মধ্যে অনগ্রসর ২০০০ টি শিক্ষা প্রতিষ্ঠানকে বাছাই করা হয়েছে। এই ২০০০টি শিক্ষা প্রতিষ্ঠান ৬৪টি উপজেলার সবকটিতে অবস্থিত;

(খ) প্রকল্প বাস্তবায়ন নির্দেশিকা অনুসরণের মাধ্যমে ২০০০টি শিক্ষা প্রতিষ্ঠানকে তিনটি পর্যায়ে বিভক্ত করা হয়েছে। প্রথম পর্যায়ে সম্ভাব্য শিক্ষা প্রতিষ্ঠানের একটি তালিকা করা হয়েছে যেখানে ২০১৫ সনে এসিটি

কর্মসূচী বাস্তবায়ন শুরু হবে। ২য় ও ৩য় পর্যায়ে কর্মসূচীটি বাস্তবায়ন হবে যথাক্রমে ২০১৬ ও ২০১৭ সনে। এভাবে সমাপ্ত হবে কর্মসূচীটির পর্যায়ক্রমিক (Phase-in approach) বাস্তবায়ন;

(গ) প্রতিষ্ঠানের সংখ্যার ওপর ভিত্তি করে আনুপাতিক হারে প্রথম, দ্বিতীয় ও তৃতীয় পর্যায়ের শিক্ষা প্রতিষ্ঠান বাছাই করা হয়েছে। অতএব প্রথম পর্যায়ে শতকরা ২০ ভাগ তথা প্রায় ৪০০টি, ২য় পর্যায়ে শতকরা ৫০ ভাগে প্রায় ১০০০টি এবং ৩য় পর্যায়ে শতকরা ৩০ ভাগ অর্থাৎ ৬০০টি প্রতিষ্ঠানে কর্মসূচীটি বাস্তবায়ন হবে। পর্যায় (Phase) অনুযায়ী উপজেলাভিত্তিক সম্ভাব্য প্রতিষ্ঠানের তালিকা প্রকল্প কার্যালয়ে পাওয়া যাবে।

ইংরেজি, গণিত ও বিজ্ঞানের বিষয়ভিত্তিক নিয়মিত শিক্ষকের অপ্রতুলতার ওপর ভিত্তি করে এসিটি কর্মসূচীর জন্য সম্ভাব্য শিক্ষা প্রতিষ্ঠানের তালিকা চূড়ান্ত করা হবে। প্রতিষ্ঠান নির্বাচন/বাছাই প্রক্রিয়ার অংশ হিসেবে সেকায়েপ প্রকল্পভুক্ত সকল উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা বরাবর অতিরিক্ত ক্লাশ শিক্ষক কর্মসূচী বিষয়ে একটি পত্র জারী করে আগ্রহী প্রতিষ্ঠানসমূহ হতে আবেদন আহ্বান করবে। শিক্ষা প্রতিষ্ঠানসমূহ সেকায়েপকে অনুলিপি দিয়ে উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তার মাধ্যমে আবেদন জমা দেবে (নমুনা আবেদন পরিশিষ্ট-১ দ্রষ্টব্য)। সেকায়েপ প্রাপ্ত আবেদন পত্রগুলি যাচাই করে যোগ্য প্রতিষ্ঠান অনুমোদন করবে। সেকায়েপ ও নির্বাচিত প্রতিটি প্রতিষ্ঠানের মধ্যে আলাদা আলাদা চুক্তিনামা স্বাক্ষরিত হবে। এতে প্রতিষ্ঠানগুলির ভূমিকা ও দায়-দায়িত্ব সুনির্দিষ্টভাবে উল্লেখ থাকবে (পরিশিষ্ট-২ দ্রষ্টব্য)।

১২. প্রতি বিষয়ের জন্য অতিরিক্ত ক্লাশ শিক্ষক তালিকাভুক্তকরণ:

এসিটি পদের আবেদনসমূহের তালিকা ক্রমানুযায়ী বিন্যস্ত করা হবে স্নাতক পর্যায়ে সংশ্লিষ্ট বিষয়ে কৃতিত্বের ভিত্তিতে। তালিকাটি হবে মেধা ও সংশ্লিষ্ট বিষয়ে গড়ে কমপক্ষে ৫০% নম্বর প্রাপ্তির ভিত্তিতে। নিয়োগ প্রক্রিয়ার নির্ধারিত শর্ত পূরণ করতে যোগ্য প্রার্থীদের মধ্যে থেকেই কেবল এসিটি পদায়ন করা হবে।

অতিরিক্ত ক্লাশ শিক্ষক পদে সদ্য স্নাতক ডিগ্রীধারী, অবসর প্রাপ্ত, নন-এমপিও এবং খন্ডকালীন শিক্ষকগণকে আবেদন করতে উৎসাহিত করা হবে। প্রত্যাশা করা হচ্ছে অবসর প্রাপ্তরা ব্যতীত সকল আবেদনকারী ২০১৭ সাল নাগাদ এনটিআরসিএ সনদ পাবে। এসিটি নির্বাচনের শর্তসমূহ পূরণ করতে সক্ষম বর্তমানে কর্মরত এমন কোন বিশেষজ্ঞ শিক্ষক (এসি-আরটি) অতিরিক্ত ক্লাশ শিক্ষক হিসেবে নিজ উপজেলায় কাজ করতে আগ্রহী হলে তাদেরকে অগ্রাধিকার দেয়া হবে। সেকায়েপ আইটি ডেস্ক অতিরিক্ত ক্লাশ শিক্ষক কর্মসূচীর ডাটাবেইজ তৈরী করে সমন্বিত ডাটাবেইজে অন্তর্ভুক্তির জন্য পিএমটিএকে পাঠাবে।

১৩. ইংরেজি বিষয়ে অতিরিক্ত ক্লাশ শিক্ষক তালিকাভুক্তির শর্তসমূহ:

ইংরেজি বিষয়ের এসিটি পদে তালিকাভুক্তির জন্য আবেদনকারীর নিম্নরূপ শিক্ষাগত যোগ্যতা থাকতে হবে: ক) প্রার্থীকে ইংরেজিতে স্নাতক ডিগ্রীধারী হতে হবে; ২) স্নাতক পর্যায়ে ইংরেজিতে ৩০০ নম্বর অথবা সমমান ক্রেডিট ঘন্টা থাকতে হবে; এবং গ) স্নাতক পর্যায়ে কমপক্ষে গড়ে শতকরা ৫০ নম্বর থাকতে হবে। তবে ইংরেজি বিষয়ে স্নাতক পর্যায়ে প্রথম শ্রেণী প্রাপ্ত অথবা স্নাতকোত্তর ডিগ্রীধারী প্রার্থীদেরকে অগ্রাধিকার দেয়া হবে।

১৪. গণিত বিষয়ে অতিরিক্ত ক্লাশ শিক্ষক তালিকাভুক্তির শর্তসমূহ:

গণিত বিষয়ের এসিটি পদে তালিকাভুক্তির জন্য আবেদনকারীর নিম্নরূপ শিক্ষাগত যোগ্যতা থাকতে হবে: ক) প্রার্থীকে গণিতে বিএসসি ডিগ্রীধারী হতে হবে; খ) স্নাতক পর্যায়ে গণিতে ৩০০ নম্বর অথবা সমমান ক্রেডিট ঘন্টা থাকতে হবে; এবং গ) স্নাতক পর্যায়ে কমপক্ষে গড়ে শতকরা ৫০ নম্বর থাকতে হবে। তবে গণিত বিষয়ে প্রথম শ্রেণী প্রাপ্ত স্নাতক (সম্মান) অথবা স্নাতকোত্তর ডিগ্রীধারীদেরকে অগ্রাধিকার দেয়া হবে।

১৫. বিজ্ঞান বিষয়ে অতিরিক্ত ক্লাস শিক্ষক তালিকাভুক্তির শর্তসমূহ:

বিজ্ঞান বিষয়ের এসিটি পদে তালিকাভুক্তির জন্য আবেদনকারীর তালিকাভুক্তির জন্য আবেদনকারীর নিম্নরূপ শিক্ষাগত যোগ্যতা থাকতে হবে: ক) প্রার্থীকে অবশ্যই বিএসসি ডিগ্রীধারী হতে হবে; খ) বিএসসিতে পদার্থ বিজ্ঞান/রসায়ন শাস্ত্র/জীব বিজ্ঞান-এ ৩০০ নম্বর অথবা সমমান ক্রেডিট ঘন্টা থাকতে হবে; এবং গ) স্নাতক পর্যায়ে কমপক্ষে গড়ে

শতকরা ৫০ নম্বর থাকতে হবে। তবে, পদার্থ বিজ্ঞান/রসায়ন শাস্ত্র/জীব বিজ্ঞান বিষয়ে প্রথম শ্রেণী প্রাপ্ত স্নাতক (সম্মান) অথবা স্নাতকোত্তর ডিগ্রীধারীদেরকে অগ্রাধিকার দেয়া হবে।

১৬. তালিকাভুক্তি প্রক্রিয়া:

অতিরিক্ত ক্লাশ শিক্ষক তালিকাভুক্ত করার জন্য সেকায়েপের ওয়েবসাইট ও জাতীয় দৈনিক পত্রিকাসমূহে বিজ্ঞাপন প্রকাশ করা হবে। ব্যাপক প্রচারের জন্য বিজ্ঞাপনের কপি প্রেরণ করা হবে বিভিন্ন বিশ্ববিদ্যালয়, ভাষা ইন্সটিটিউট ও প্রকল্পভুক্ত সকল উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসে। সেকায়েপ যোগ্য আবেদনকারীগণের দীর্ঘ তালিকা তৈরী ও বিশ্ব ব্যাংক-এর অবগতির জন্য প্রেরণ করবে। সেকায়েপ/মাউশি দীর্ঘ তালিকা থেকে মেধার ভিত্তিতে ক্রমানুসারে বিন্যাস এবং প্রাসঙ্গিক শিক্ষাগত যোগ্যতার শর্ত যাচাই-বাছাই করে এসিটিদের একটি সংক্ষিপ্ত তালিকা প্রস্তুত করবে। সংক্ষিপ্ত তালিকাভুক্ত এসিটিগণকে মৌলিক প্রশিক্ষণের জন্য আমন্ত্রণ জানানো হবে। সফলভাবে প্রশিক্ষণ সমাপ্তির পর প্রকাশ করা হবে এসিটিদের চূড়ান্ত তালিকা। প্রস্তুতকৃত দীর্ঘ, সংক্ষিপ্ত এবং চূড়ান্ত তালিকা পিএমটিএকে প্রেরণ করা হবে প্রাপ্ত তথ্য তদীয় তথ্য ভাণ্ডারে একীভূত করতে।

১৭. অতিরিক্ত ক্লাশ শিক্ষক পদায়ন:

আবেদনকারীকে এসিটিভুক্ত নিজ বা পার্শ্ববর্তী উপজেলার অধিবাসী হতে হবে। সেকায়েপ ওয়েব সাইটে উপজেলাসমূহের তালিকা পাওয়া যাবে। চূড়ান্ত তালিকাভুক্ত এসিটিগণকে সেকায়েপ যোগ্য প্রতিষ্ঠানসমূহে পদায়ন করবে। চুক্তিনামা স্বাক্ষরিত হবে এসএমসি/এমএমসি ও এসিটিগণের মধ্যে। চুক্তিনামায় মধ্যে এসিটিগণের কর্ম-পরিধি ও দায়িত্বসমূহ সুনির্দিষ্টভাবে উল্লেখ থাকবে। পদায়নকৃত এসিটিগণের তালিকা মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরে এবং টিএ সংস্থার কাছে প্রেরণ করতে হবে।

১৮. অতিরিক্ত ক্লাশ শিক্ষকের চুক্তিনামা/নিয়োগপত্র:

এসএমসি/এমএমসি সংশ্লিষ্ট যোগ্য প্রতিষ্ঠানে এসিটিগণকে নিয়োগ প্রদান করবে। নিয়োগ পত্রে নিম্নলিখিত শর্তসমূহ উল্লেখ থাকবে:

- সেকায়েপ এসিটিগণের বেতন-ভাতাদি ও অতিরিক্ত ক্লাশ প্রণোদনা সমেত মোট পারিতোষিক প্রকল্প মেয়াদ পর্যন্ত বহন করবে;
- প্রকল্প মেয়াদ উত্তীর্ণ হবার পর এসএমসি/এমএমসি শিক্ষকতার কৃতিত্ব পর্যালোচনা করে এসিটিগণকে এমপিওভুক্ত করার সুপারিশ করতে পারবে।

১৯. অতিরিক্ত ক্লাশের শিক্ষার্থী:

নিম্নলিখিত নির্ণায়কের আলোকে অতিরিক্ত ক্লাশে শিক্ষার্থীদের তালিকাভুক্ত করা হবে:

(ক) দরিদ্র পরিবারের শিক্ষার্থী (পিএমটি উপবৃত্তিধারীরা অগ্রাধিকার পাবে);

(খ) নিম্ন শিক্ষা মান অর্জনকারী ছাত্র-ছাত্রী।

এসিটিগণ সংশ্লিষ্ট বিষয়ে দুর্বল যোগ্য শিক্ষার্থীদের পোর্টফলিও তৈরী করবে (পরিশিষ্ট-৭)। এ তালিকাটি প্রধান শিক্ষক/সুপার কর্তৃক অনুমোদিত হবে। একটি অতিরিক্ত ক্লাশে শিক্ষার্থীর সংখ্যা ৪০ এর বেশি হবে না।

২০. এসিটি মৌলিক প্রশিক্ষণ:

সেকায়েপ অর্থায়ন চুক্তির শর্তানুযায়ী প্রশিক্ষণ এবং কর্মশালার বিস্তারিত পরিকল্পনা প্রণয়ন করে বিশ্ব ব্যাংক-এর অবগতির জন্য পাঠাবে। টিএ ফার্ম নির্বাচিত এসিটিদের প্রশিক্ষণ দেবে। ৬ দিন ব্যাপী মৌলিক প্রশিক্ষণ শেষে মূল্যায়নের পর এসিটিদের চূড়ান্ত তালিকা প্রণয়ন করে প্রতিষ্ঠান পর্যায়ে নিয়োগ দেয়া হবে। চলমান কারিকুলামভিত্তিক ইংরেজি, গণিত ও বিজ্ঞান বিষয়ের আলোকে প্রশিক্ষণ সূচী প্রণীত হবে। এজন্য অনুসরণ করতে হবে যথাযথ পেডাগোজির (Pedagogy)। প্রশিক্ষণকালে সেকায়েপ কার্যক্রমের উপর সার্বিক ধারণা প্রদান এবং এসিটিদের কর্তব্য ও দায়িত্ব সম্পর্কে মতবিনিময় করা হবে।

২১. এসিটিদের জন্য নবায়ন প্রশিক্ষণ:
সেকায়েপ টিএ ফার্মের মাধ্যমে বছরে একবার এসিটিদের জন্য এক দিনের নবায়ন প্রশিক্ষণ আয়োজন করবে। এতে আলোচনা হবে এসিটি স্কীম বাস্তবায়নের অভিজ্ঞতা/সমস্যা/সফলতার বিষয়ে। এছাড়াও আরো সফলভাবে এসিটি কর্মসূচী বাস্তবায়নের জন্য সমস্যাসমূহের সমাধানের উপায়ও চিহ্নিত করা হবে।

২২. এসিটি ওরিয়েন্টেশন:
সেকায়েপ এসিটি কার্যক্রম সম্পর্কে অবহিত করার লক্ষ্যে জেলা এবং উপজেলা পর্যায়ের কর্মকর্তাদের জন্য এক দিনের ওরিয়েন্টেশনের আয়োজন করবে। এতে অংশগ্রহণের জন্য ইউএনও, ডিইও, ইউএসইও/এইউএসইও, এইচটি/সুপার এবং সমপর্যায়ের কর্মকর্তাদের আমন্ত্রণ জানানো হবে।

২৩. প্রতিষ্ঠান পর্যায়ে এসিটি ওরিয়েন্টেশন:
এসিটিগণ প্রতিষ্ঠান প্রধানের সহায়তায় এসএমসি/এমএমসি, পিটিএ সদস্য এবং অন্যান্য নিয়মিত শিক্ষকগণকে এসিটি কর্মসূচী বিষয়ে ওরিয়েন্টেশন প্রদান করবেন।

২৪. এসি শিক্ষার্থীদের পোর্টফোলিও তৈরি করা:
এসিটিগণ প্রধান শিক্ষকের সহায়তায় প্রত্যেক শ্রেণী থেকে সংশ্লিষ্ট বিষয়ের ন্যূনতম ২০ জন শিক্ষার্থীকে অতিরিক্ত ক্লাশের জন্য নির্বাচন করবে (১ম/২য় সাময়িক পরীক্ষার ফলাফলের ভিত্তিতে বাছাই করতে হবে)।

২৫. পৃথক রেজিষ্টার সংরক্ষণ:
এসি শিক্ষার্থীদের উপস্থিতির বিষয়ে এসিটি পৃথক একটি রেজিস্টার সংরক্ষণ করবে। পিএমটি শিক্ষার্থীরা অতিরিক্ত ক্লাশে অংশগ্রহণের জন্য অগ্রাধিকার পাবে। এলআরএস গ্রুপের সহায়তায় এসিটিগণ এসি শিক্ষার্থীদের পোর্টফলিও তৈরী এবং তাদের অগ্রগতি পরিবীক্ষণ করবে (বাড়ী পরিদর্শন, পরিশিষ্ট-৮ দ্রষ্টব্য)

২৬. শ্রেণী কক্ষের সহায়তা:
টিএ ফার্ম প্রতিষ্ঠানের একাডেমিক কার্যক্রম পর্যবেক্ষণ ও বার্ষিক কর্ম-পরিকল্পনা প্রস্তুত করে সেকায়েপ কার্যালয়ে প্রেরণ করবে। টিএ ফার্মের অভিজ্ঞ শিক্ষণ-শিখন টীম এসিটি প্রতিষ্ঠান পরিদর্শন এবং ইংরেজি/গণিত/বিজ্ঞান বিষয়ের ক্লাশসমূহ পর্যবেক্ষণ করবে। প্রয়োজনে পরামর্শ দান বা কোচিংয়ের ব্যবস্থাও নেবে। টিএ ফার্ম এসিটিদের ক্লাশ রুম কর্ম-দক্ষতা এবং শিক্ষার্থীদের অংশগ্রহণ বিষয়ে পৃথকভাবে আলোচনা করবে। তারা শিক্ষার্থীদের হাজিরা খাতা/রেজিস্টার, ডায়েরী, এসিটির হাজিরা খাতা/রেজিস্টার এবং পিছিয়ে পড়া শিক্ষার্থীদের পোর্টফলিও যাচাই করবে। টিএ প্রতিনিধি প্রধান শিক্ষকের সাথে সাক্ষাত করে প্রতিষ্ঠানের সফলতা ও দুর্বলতা তুলে ধরবেন। উক্ত টীম প্রতিষ্ঠানের শিক্ষণ-শিখন অবস্থার উন্নয়নে পরামর্শ প্রদান করবে। তারা শিক্ষার্থীদের বাড়ী পরিদর্শন করে রিপোর্ট দাখিল করবে সেকায়েপ বরাবর। পরিবীক্ষণ/যাচাইয়ের সময় ব্যবহৃত হবে ক্লাশ রুম পরিবীক্ষণ যাচাই তালিকা। বিশেষজ্ঞ টীম কর্তৃক ক্লাশ রুম পরিদর্শনের পর দাখিলকৃত রিপোর্ট কোয়ালিটি ওয়ার্কিং কমিটি যাচাই করবে (পরিশিষ্ট-৫ দ্রষ্টব্য)।

২৭. মেধা সম্পন্ন শিখন গোষ্ঠি (Peer Learning Group):
শ্রেণী কক্ষের ভিতরে ও বাইরে পিছিয়ে পড়া শিক্ষার্থীদের সহায়তা দিতে টিএ ফার্ম শ্রেণীভিত্তিক মেধাসম্পন্ন শিখন গ্রুপ (Peer Learning Group) গঠন করবে। গ্রুপের নেতা নির্ধারণ করা হবে সংশ্লিষ্ট বিষয়ে আগ্রহী, মেধাবী ও শ্রেণীতে সবচে ভাল ফলাফল অর্জনকারীকে। গ্রুপে সদস্য সংখ্যা হবে ৩-৫ জন। মেধা সম্পন্ন নেতা নিয়মিত ক্লাশে উপস্থিত থাকবে, পাঠক্রমে সর্বোচ্চ কৃতিত্ববান হবে এবং নেতৃত্বের গুণাবলীসহ অন্যদের সহায়তা দেয়ার মানসিকতা থাকতে হবে। উক্ত নেতা তার গ্রুপের সদস্যদের উপস্থিতি নিশ্চিত করবে। শ্রেণী কক্ষ কর্মকান্ডের জন্য জুটি গঠন ও দল গঠনে তিনি এসিটিকে সহায়তা দেবেন। শ্রেণী কক্ষে সবার অংশগ্রহণ নিশ্চিত করতে দলনেতা দলের সদস্যদের উদ্বুদ্ধ করবে ও অতিরিক্ত শিক্ষা কার্যক্রমে সহায়তা দেবে। যেমন: দেয়াল পত্রিকা প্রকাশ, বিতর্ক প্রতিযোগিতা আয়োজন, পাঠাভ্যাসের স্থান উন্নয়ন, শ্রেণী কক্ষ সজ্জাকরণ, ইত্যাদি। তিনি এসিটিদের কর্মদক্ষতা সম্পর্কে আলোচনা করতে মাসিক সভা করবেন। শিখন গ্রুপ নেতাদের জন্য এসিটিগণ এক দিনের কর্মশালা আয়োজন করবে।

**২৮.	শিক্ষার্থীদের পরামর্শ দান:**
এসিটি ও এইচটি/সুপার কর্তৃক চিহ্নিত পিছিয়ে পড়া শিক্ষার্থীদের এলআরএস গ্রুপ সহায়তা প্রদান করবে। পিটিএ এবং এসএমসি অন্ততঃ উচ্চ মাধ্যমিক পাশ সম্ভাব্য যুবকদেরকে এলআরএস গ্রুপের সদস্য হিসেবে চিহ্নিত করতে সহায়তা দেবে। প্রত্যেক প্রতিষ্ঠানে এ গ্রুপ গঠন করা হবে ১০ জন সদস্য সমন্বয়ে। গ্রুপটি এসিটি এবং ইংরেজি, গণিত ও বিজ্ঞান বিষয়ের নিয়মিত শিক্ষকদের সাথে মৌলিক ও নবায়ন প্রশিক্ষণে অংশ নিতে পারে। দরিদ্র শিক্ষার্থীদের মধ্যে গুণগত শিক্ষার চাহিদা সৃষ্টিতে এলআরএস গ্রুপ ভূমিকা রাখবে। এলআরএস গ্রুপ অতিরিক্ত ক্লাশ চলাকালে পাঠ্যসূচী যাচাই এবং জুটিতে ও দলগত কাজ করার জন্য এসিটিকে সহায়তা দেবে। উক্ত গ্রুপ দরিদ্র ও পিছিয়ে পড়া শিক্ষার্থীদের নিয়মিত উপস্থিতি পরিবীক্ষণ করবে। পিছিয়ে পড়া শিক্ষার্থীদেরকে তাদের সমস্যা সমাধান কল্পে নিয়মিতভাবে অতিরিক্ত ক্লাশে উপস্থিত হতে পরামর্শ দেবে। নিয়মিত ও অতিরিক্ত ক্লাশ চলাকালে শিক্ষণ সমস্যা সম্পর্কে এসিটিকে প্রশ্ন করতে সংশ্লিষ্ট শিক্ষার্থীদের উৎসাহ দেবে এলআরএস। তাঁরা এসিটিকে দরিদ্র শিক্ষার্থীদের বাড়ী পরিদর্শনে এবং অতিরিক্ত ক্লাশে যোগদানের উৎসাহ দিতে সাহায্য করবে (বাড়ী পরিদর্শন, সংলাগ-৮)। এলআরএস গ্রুপ মাসিক কোন সম্মানী পাবে না, কিন্তু তারা টিএ ফার্ম কর্তৃক প্রদত্ত এসিটি'র জন্য প্রাসঙ্গিক প্রশিক্ষণ গ্রহণ করতে পারবে। প্রকল্পের শেষে উক্ত গ্রুপ একটি সনদ পেতে পারে। এলআরএস গ্রুপের স্বেচ্ছামূলক কাজের ক্ষমতা ও দক্ষতা বৃদ্ধির জন্য এটি একটি সুযোগ। সর্বোচ্চ কৃতিত্ব প্রদর্শনকারী এলআরএস গ্রুপের জন্য পুরস্কার দেয়া হবে।

**২৯.	ডিজিটাল এবং শিক্ষণ-শিখন উপকরণ (Digital Contents) প্রস্তুত, ব্যবহার ও বিতরণ:**
এসিটিদের প্রশিক্ষণ শুরুর পূর্বে টিএ ফার্ম চাহিদাভিত্তিক, বিষয়ভিত্তিক ও যথাযথ মানসম্পন্ন প্রশিক্ষণের চাহিদা নিরুপণ কওে তার প্রয়োগ করবে। এছাড়াও টিএ ফার্ম হাল নাগাদ পাঠ্যসূচী অনুসরণে মানসম্মত ডিজিটাল শিক্ষণ-শিখন উপকরণ প্রস্তুত করে প্রতিষ্ঠানে সরবরাহ করবে। শ্রেণী কক্ষে শিক্ষন-শিখন পরিবেশ সহজীকরণের জন্য টিএ ফার্ম নিশ্চিত করবে নিশ্চিত করবে উপকরণসমূহের যথাযথ ব্যবহার।

এম এন্ড ই (M & E) ব্যবস্থা

**৩০.	পরিবীক্ষণ কাঠামো:**
টিএ ফার্ম এমইডব্লিউ-এর সাথে নিবিড় সমন্বয়ের মাধ্যমে একটি পরিবীক্ষণ কাঠামোর উন্নয়ন করবে। এই কাঠামোর মাধ্যমে এসিটি স্কীমের গুণগত বাস্তবায়ন নিশ্চিত হবে। এমএন্ডই কাঠামোটি নিয়মিতভাবে পর্যবেক্ষণের ভিত্তিতে অসঙ্গতিসমূহ পূরণ করবে। এমএন্ডই কাঠামোটি সেকায়েপ কর্তৃক অনুমোদিত হবে। পরিবীক্ষণ কাঠামোর ওপর ভিত্তি করে প্রতিষ্ঠানটি মাসিক/ত্রৈমাসিক/বার্ষিক প্রতিবেদন তৈরী করবে এবং যাচাই ও অনুমোদনের জন্য কিউডব্লিউসি'র কাছে জমা দেবে। গুণগত পরিবীক্ষণের অংশ হিসেবে কর্ম-পরিকল্পনার ভিত্তিতে শ্রেণী কক্ষ পরিদর্শন পরিচালিত হবে। অংশগ্রহণমূলক পরিবীক্ষণের প্রক্রিয়ায় সম্পৃক্ত হতে টিএ ফার্ম এসএমসি/এমএমসি এবং পিটিএ সদস্যদের উৎসাহ দেবে। টিএ ফার্মের পরিবীক্ষণ কর্মকর্তা পিছিয়ে পড়া শিক্ষার্থীদের তথ্য পুনঃনিরীক্ষার জন্য তাদের বাড়ী পরিদর্শন করবে। রুটিন মাফিক এসিটিগণের ক্লাশ গ্রহণ পরিবীক্ষণে এসএমএস ট্র্যাকিং এবং দৈনান্দিন পরিবীক্ষণের সূচনা ও পরিচালনা করা হবে। এসিটিগণের সকল আর্থিক ও প্রাসঙ্গিক বিবরণী এবং দলিলাদি (যেমন: চুক্তিনামা, রুটিন, পাঠ পরিকল্পনা) পরিবীক্ষণের প্রয়োজনে সংগ্রহ ও সংরক্ষণ করতে হবে।

**৩১.	কেন্দ্র কর্তৃক পরিবীক্ষণ:**
পরিদর্শনের জন্য এমইডব্লিউ একটি যাচাই তালিকা অনুসরণ করবে (পরিশিষ্ট - ৫ দ্রষ্টব্য)। এটি প্রতি বছর সকল প্রতিষ্ঠানব্যাপী প্রতিপালন পরিবীক্ষণ সমন্বয় করবে। এমইডব্লিউ, সেকায়েপ কর্মকর্তা এবং টিএ ফার্মের বিশেষজ্ঞ নিয়মিত ও অতিরিক্ত ক্লাশ পরিদর্শন করবে নির্ধারিত ফরমেট (পরিশিষ্ট - ৪ দ্রষ্টব্য) অনুসরণ করে। তথ্য, যোগাযোগ ও প্রযুক্তি'র (আইসিটি) মাধ্যমে পরিবীক্ষণ পদ্ধতি প্রয়োগ করা হবে।

**৩২.	স্থানীয় পর্যায়ে পরিবীক্ষণ ও অনুসরণ করা:**
এসিটি কর্মসূচী বাস্তবায়নে প্রতিষ্ঠান প্রধান সার্বিকভাবে দায়ী থাকবেন। এসএমসি/এমএমসি এবং পিটিএ সদস্যগণ ঘনিষ্ঠভাবে তত্ত্বাবধান ও অনুসরণের (ফলোআপ) জন্য সম্পৃক্ত থাকবে। সমস্যা নিরসনে প্রয়োজনীয় পরামর্শ প্রদান ও পরিবীক্ষণের উদ্দেশ্যে উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার নিয়মিত এসিটি প্রতিষ্ঠান পরিদর্শন করবেন। প্রতিষ্ঠান প্রধান

নিয়মিত অতিরিক্ত ক্লাশে এসিটিদের কৃতিত্ব পর্যবেক্ষণ করবেন এবং উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, টিএ ফার্ম ও সেকায়েপকে প্রতিবেদন দেবেন। এসএমসি/এমএমসি এবং পিটিএ'র সভায় প্রতিষ্ঠান প্রধান এসিটি সংশ্লিষ্ট যে কোন প্রাসঙ্গিক বিষয় পরিবীক্ষণ ও পর্যবেক্ষণ সংক্রান্ত আলোচনা করবেন। প্রতিষ্ঠান পর্যায়ে হাজিরা খাতা এবং পাঠ পরিকল্পনাসহ সকল প্রকার রেজিস্টার, এসিটির দাখিলকৃত বসতবাড়ী পরিদর্শনের রিপোর্ট, এসিটিদের নিয়মিত ও অতিরিক্ত ক্লাশের হিসাব এবং পারিতোষিক বিতরণের রেকর্ড সংরক্ষণ করতে হবে। এসিটি পরিচালিত অতিরিক্ত ক্লাশের সংখ্যার হিসাবের নির্ধারিত ছকে প্রতিষ্ঠান প্রধান এবং পিটিএ/এসএমসি চেয়ারম্যানগণ প্রতিস্বাক্ষর করবেন। এসএমসি এবং পিটিএ'র সহায়তায় টিএ ফার্ম এলআরএস গ্রুপ গঠন করবে। এলআরএস গ্রুপ গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করবে এসিটি স্কীম পরিবীক্ষণে। এসিটিদের শ্রেণী কক্ষে উপস্থিতির বিষয়ে এলআরএস কাজ করবে তৃতীয় নয়ন হিসেবে। তারা নিশ্চিত করবে যে দাখিলকৃত রুটিন মোতাবেক ক্লাশ গ্রহণ হচ্ছে। অতিরিক্ত ক্লাশ গ্রহণের সময় এলআরএস এসিটিদের সহায়তা দেবে। কেন্দ্রীয়ভাবে পরিবীক্ষণকালে অতিরিক্ত ক্লাশের তথ্য ও সাফল্য সম্পর্কে এলআরএস'র সাথে পাল্টা যাচাই (ক্রস চেক) করে নেবে।

নির্বাচিত পরীক্ষামূলক (পাইলটিং) প্রতিষ্ঠানে এসিটি কর্মসূচীসহ প্রকল্পের অন্যান্য কর্মসূচীর সাথে সংযুক্ত করা হবে পাঠাভ্যাস উন্নয়ন কর্মসূচীকে (বিস্তারিত তথ্যের জন্য ডিআরএইচ ম্যানুয়াল দেখুন)।

অর্থ পরিশোধের পদ্ধতি:

৩৩. এসিটি পারিতোষিক/সম্মানী:

এসিটি'র পারিতোষিকে অন্তর্ভুক্ত হবে: (১) শিক্ষকের মূল বেতন; (২) দুর্গম উপজেলায় পদায়ন ভাতা, বাড়ি ভাড়া, মহার্ঘ ভাতা, চিকিৎসা ভাতা; (৩) অতিরিক্ত ক্লাশ প্রণোদনা। মাসিক মূল বেতন হবে ৮০০০/- টাকা, বিভিন্ন ভাতা ৬০০০/- টাকা এবং প্রতি মাসে ন্যূনতম ১৬টি অতিরিক্ত ক্লাশ গ্রহণের জন্য ৮০০০/- টাকা প্রণোদনা ভাতা পাবেন। প্রথম শ্রেণী ডিগ্রীধারী এসিটিগণকে প্রতি মাসে অতিরিক্ত ৩০০০/- টাকা দেয়া হবে। অতিরিক্ত ক্লাশের ন্যূনতম শর্ত পূরণ করলে প্রথম শ্রেণী ডিগ্রীধারী এসিটিগণ সাকূল্যে ২৫,০০০/- টাকা এবং এসি প্রণোদনার শর্ত পূরণ না করলে ১৭০০০/- টাকা পাবেন। অতিরিক্ত ক্লাশ প্রণোদনার শর্ত পূরণ করলে অন্যান্য এসিটিগণ মাসিক ২২,০০০/- টাকা এবং অতিরিক্ত ক্লাশের প্রণোদনার শর্ত পুরণ না হলে পাবে ১৪০০০/- টাকা ।

উচ্চতর যোগ্যতা সম্পন্ন প্রার্থীদের আকৃষ্ট এবং কর্মসূচীটিকে টেকসই করতে উপরে বর্ণিত পারিতোষিক হার নির্ধারণ করা হয়েছে। পারিতোষিক পদ্ধতি এবং চুক্তিভিত্তিক নিয়োগ এমনভাবে পরিকল্পনা করা হয়েছে যেন প্রকল্প মেয়াদ শেষে এসিটিগণকে সরকারি বিধি তথা NTRCA পাশের ভিত্তিতে প্রত্যাশা অনুযায়ী এমপিও পদ্ধতিতে নিয়মিতকরণ করা যায়। প্রতিষ্ঠান প্রধানের নির্ধারিত (পরিশিষ্ট-৬ দ্রষ্টব্য) প্রত্যয়নের এবং তথ্য যাচাইয়ের ভিত্তিতে প্রত্যেক এসিটি বেতন ও ভাতাদি পাবে। এ প্রত্যয়ন যাচাইপূর্বক এসিএফ প্রস্তুতের অনুমোদন প্রদান করবে সেকায়েপ। প্রত্যেক প্রতিষ্ঠানের সহায়ক স্টাফকে স্কুল চলাকালীন এবং বন্ধের সময় অতিরিক্ত ক্লাশের জন্য শ্রেণী কক্ষ খোলা ও বন্ধ করতে বাৎসরিক ৫০০০/- টাকা দেয়া হবে।

৩৪. এসিটিদের পারিতোষিক প্রদান:

এসিটিদের বেতনের ভিত্তি হবে এসিএফ। প্রতি মাসে প্রতিষ্ঠান প্রধান এসিটিদের নিয়মিত হাজিরা এবং ন্যূনতম অতিরিক্ত ক্লাশের বিষয়ে সুনির্দিষ্ট ছকে (পরিশিষ্ট-৬ দ্রষ্টব্য) প্রত্যয়ন সেকায়েপ বরাবর প্রেরণ করবেন। টিএ প্রতিষ্ঠান প্রধানের প্রেরিত তথ্য যাচাইপূর্বক পিএমটিকে খসড়া এসিএফ সরবরাহ করবে। পিএমটিএ প্রাপ্ত তথ্য ডাটাবেজে একীভূত করে প্রস্তুতকৃত চূড়ান্ত এসিএফ সেকায়েপে পাঠাবে। সেকায়েপ প্রাপ্ত এসিএফ অনুমোদন ও অর্থ পরিশোধ আদেশ জারী করবে। প্রত্যেক এসিটি'র বেতন ও ভাতাদি তাদের ব্যাংক হিসাব নম্বরে প্রেরণ করা হবে। এসিটিগণের অতিরিক্ত ক্লাশ প্রণোদনা প্রদান করা হবে টিএ প্রতিষ্ঠান কর্তৃক এসএমএস মনিটরিং এবং ফিল্ড রিপোর্টের ভিত্তিতে।

প্রতিষ্ঠান প্রধান এসিটি'র নিয়মিত এবং অতিরিক্ত ক্লাশের বিষয়ে অসত্য প্রত্যয়ন করলে এবং তা যাচাইকালে প্রমাণিত হলে প্রত্যয়িত এসিটি'র উত্তোলিত পারিতোষিক ফেরত প্রদান করতে প্রতিষ্ঠান প্রধান বাধ্য থাকবেন।

তথ্য ও অর্থ প্রবাহ

৩৫. নিচে তথ্য ও অর্থ প্রবাহ প্রদর্শন করা হলো:

টি এ ফার্ম ডাটা সংগ্রহ করে খসড়া এসিএফ প্রস্তুত করবে

↓

টিএ খসড়া এসিএফ পিএমটিএ-কে সরবরাহ করবে

↓

পিএমটিএ খসড়া এসিএফ নিজস্ব তথ্য ভান্ডারে একীভূত করবে এবং চূড়ান্ত এসিএফ প্রস্তুত করে সেকায়েপে পাঠাবে

↓

প্রকল্প পরিচালক এসিএফ অনুমোদন এবং অর্থ পরিশোধ আদেশ অগ্রণী ব্যাংকে প্রেরণ করবেন

↓

অগ্রণী ব্যাংক প্রধান শাখা উপজেলা শাখাসমূহে অর্থ স্থানান্তর এবং উপজেলা শাখা এসিটি'র নিজস্ব ব্যাংক হিসাব নম্বরে অর্থ প্রেরণ করবে।

এসিটি কর্মসূচীর স্থায়িত্বশীলতা:

৩৬. এটা প্রত্যাশা করা হচ্ছে যে এসিটি'র ভালো কর্মকান্ডসমূহ এবং সফল এসিটি মডেল সরকারের পরিকল্পনা অনুযায়ী ২০১৮ সালে SWAP (Sector Wide Approach Program)-এ প্রতিফলিত হবে। যোগ্য এসিটিগণকে একই প্রতিষ্ঠানে নিয়মিত শিক্ষক হিসেবে MPOভুক্ত করা হতে পারে। এসিটি কর্মসূচীর স্থায়িত্বশীলতার জন্য LRS এবং মেধাবী শিখন দলের কার্যক্রম দুর্বল শিক্ষার্থীদের শেখানোর জন্য প্রকল্প শেষ হওয়ার পরও অব্যাহত থাকতে পারে। এসিটি কর্মসূচী টেকসই এবং এসিটিদের নিয়মিতকরণের জন্য নিম্নলিখিত পদ্ধতিসমূহ গ্রহণ করা হয়েছে:

(ক) জাতীয় বেতন স্কেল অনুযায়ী এসিটিদের মূল বেতন

জাতীয় বেতন স্কেল অনুযায়ী এসিটিদের মূল বেতন ও অন্যান্য ভাতাদি প্রদান করা হবে। এটি ভবিষ্যতে এসিটিদের MPO পদ্ধতিতে অন্তর্ভুক্ত করতে মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরের জন্য সুযোগ সৃষ্টি করবে। প্রত্যাশা করা হচ্ছে যে, এসিটিদের MPO পদ্ধতিতে অন্তর্ভুক্ত করার মাধ্যমে সেকায়েপ গৃহীত পদক্ষেপের স্থায়িত্বশীলতা নিশ্চিত হবে;

(খ) **সূচনাকাল হতে মাউশি'র (DSHE) সম্পৃক্ততা**

এসিটি তালিকাভুক্তির প্রক্রিয়ায় শুরু থেকেই মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর সম্পৃক্ত থাকবে। MEW এসিটি বাস্তবায়নের সামগ্রিক প্রক্রিয়া পরিবীক্ষণ করবে এবং নির্বাচিত ACT'র দায়িত্বপ্রাপ্ত প্রতিষ্ঠানে যোগদান নিশ্চিত করবে। প্রকল্প শেষে এসিটিদের MPO সিস্টেমে অন্তর্ভুক্তিসহ কর্মসূচী ধারাবাহিকভাবে বাস্তবায়নের জন্য DSHE প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে পারে;

(গ) ACT নিয়মিত বিষয় শিক্ষক হিসেবে নিয়মিত ও অতিরিক্ত ক্লাশ গ্রহণ করবে। ব্যবস্থাপনা খরচের জন্য প্রতিষ্ঠানকে বছরে ৫০০০/- (পাঁচ হাজার) টাকা দেয়া হবে এবং এসিটি ব্যতীত অন্যান্য বিষয় শিক্ষক বা অন্য কেউ কোন অর্থ পাবে না।

৩৭. সংশ্লিষ্ট বাস্তবায়নকারী ও সহযোগীদের ভূমিকা এবং দায়-দায়িত্ব

নিচে কেন্দ্রীয় ও স্থানীয় পর্যায়ে প্রকল্প সম্পৃক্ত ব্যক্তিবর্গ, বাস্তবায়নকারী, সগযোগী ও অন্যান্য প্রতিষ্ঠানের ভূমিকা এবং দায়িত্বসমূহ বর্ণিত হল:

সেকায়েপ ও মাউশি অধিদপ্তরের কর্মকর্তাবৃন্দ:

- ACT কর্মসূচী বাস্তবায়নের জন্য টিএ ফার্মের ToR তৈরী করা;
- উপজেলা, প্রতিষ্ঠান, ছাত্র-ছাত্রী নির্বাচন এবং এসিটি নিয়োগ প্রক্রিয়া সম্পন্ন করা;
- বিশ্ব ব্যাংক-এর সাথে পরামর্শ করে টিএ ফার্মের নিয়োগ চূড়ান্তকরণ;
- টিএ ফার্মের কাজ তত্ত্বাধধান করা এবং প্রয়োজনীয় প্রতিক্রিয়া জানানো;
- এসিটিভুক্ত প্রতিষ্ঠান পরিদর্শন করা এবং QWC ও TA কে প্রতিক্রিয়া জানানো;
- মাউশি এসিটিদের MPO সিস্টেমে অন্তর্ভুক্ত করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে পারে;
- টিএ ফার্মের প্রেরিত রিপোর্ট পর্যালোচনা এবং অনুমোদন করা;
- টিএ ফার্মের অর্ধ-বার্ষিক কর্ম-পরিকল্পনা অনুমোদন করা;
- ACTদের বেতন ভাতাদি পরিশোধ করা;
- বিশ্ব ব্যাংক, টিএ ফার্ম ও উপজেলা পর্যায়ের কর্মকর্তাদের সাথে সমন্বয় সাধন করা;
- সেকায়েপ কোয়ালিটি ওয়ার্কিং কমিটি'র (QWC) সভাপতির দায়িত্ব পালন করবে;
- এসিটি কর্মসূচীকে অন্যান্য কম্পোনেন্ট-এর সাথে সমন্বয় করা;
- কর্মসূচীর সফলতা সম্পৃক্ত/সংশ্লিষ্ট ব্যক্তিবর্গের ও সহযোগীদের মাঝে ছড়িয়ে দেয়া;
- প্রশিক্ষণ মডিউল, উপকরণ এবং পরিকল্পনা অনুমোদন করা;
- অগ্রণী ব্যাংকে অর্থ পরিশেধের আদেশ প্রেরণ করা।

মনিটরিং এন্ড ইভালুয়েশন উইং:

- এসিটি প্রতিষ্ঠানে নিয়মিত ও অতিরিক্ত ক্লাশ পরিদর্শন করা;
- প্রতিষ্ঠান থেকে রিপোর্ট গ্রহণ;
- পূরণকৃত পরিবীক্ষণ ফরম যাচাই করা;
- দ্রুত প্রভাব মূল্যয়ানের আয়োজন করা;
- প্রতিপালন (কমপ্লায়েন্স) ভেরিফিকেশন পরিচালনা করা;
- সকল রিপোর্ট সেকায়েপ-এ প্রেরণ করা।

কারিগরী সহায়তা প্রদানকারী প্রতিষ্ঠান (টিএ ফার্ম):

- এসিটি কর্মসূচির বাস্তবায়ন সহযোগী সংস্থা হিসেবে কাজ করা;
- প্রশিক্ষণ চাহিদা মূল্যায়ন ও বাস্তবায়ন পরিকল্পনা প্রস্তুতকরণ;
- প্রশিক্ষণ উপকরণ প্রস্তুতকরণ;
- পরিবীক্ষণ ও মূল্যায়ন বিষয়ে প্রশিক্ষণ প্রদান;
- জেলা ও আঞ্চলিক পর্যায়ে এসিটি ওরিয়েন্টেশন প্রোগ্রাম আয়োজন;
- প্রশিক্ষণ ম্যানুয়াল পরিকল্পনা ও প্রস্তুত করে এসিটিদের মৌলিক ও নবায়ন প্রশিক্ষণের ব্যবস্থা গ্রহণ;
- এসিটি পরিবীক্ষণ ও মূল্যায়ন কাঠামো প্রস্তুত এবং বাস্তবায়ন করা;
- টেলিফোনে ও প্রতিষ্ঠান পরিদর্শনের মাধ্যমে নিয়মিত এসিটিদের পরিবীক্ষণ করা;
- পিছিয়ে পড়া শিক্ষার্থীদের হোম ভিজিট করা এবং এসিটিগণ রুটিনমত ক্লাশ নিচ্ছে কিনা তা জানার জন্য দৈনন্দিন এসএমএস ট্র্যাকিং ও মনিটরিং চালু করা;

- কারিগরী বিশেষজ্ঞ দলের মাধ্যমে নিয়মিত ও অতিরিক্ত শ্রেণী কক্ষ পর্যবেক্ষণে সহায়তা প্রদান করা;
- এলআরএস (Local Resource Support) এবং মেধা সম্পন্ন শিখন দলের সদস্যদের ওরিয়েন্টেশন প্রদান;
- এলআরএস (Local Resource Support) এবং মেধা সম্পন্ন শিখন দলকে গাইড করতে এসিটিকে সহায়তা;
- এসিটিদের সকল কাগজপত্র/দলিলাদি সংরক্ষণ (এগ্রিমেন্ট, রুটিন, পাঠ পরিকল্পনা, ইত্যাদি) করা;
- QWC'র সদস্য হিসেবে দায়িত্ব পালন করা;
- মাঠ পর্যায়ে তথ্য সংগ্রহ ও সেকায়েপ-এর সাথে সেগুলি আলোচনা এবং এসিটিদের সকল আর্থিক বিবরণী সংগ্রহ করা;
- মাসিক, ত্রৈমাসিক এবং বাৎসরিক রিপোর্ট সেকায়েপ-এ প্রেরণ করা;
- এসএমসি/এমএমসি, পিটিএ, এইচটি/সুপার এবং ইউএসইও-দের সাথে ঘনিষ্ঠ যোগাযোগ রক্ষা করা;
- খসড়া এসিএফ প্রস্তুত করা।

কোয়ালিটি ওয়ার্কিং কমিটি (কিউ.ডব্লিউ.সি):

- বার্ষিক কর্ম-পরিকল্পনা অনুমোদন;
- প্রস্তুতকৃত কর্ম-পরিকল্পনার প্রেক্ষিতে মাসিক/ত্রৈমাসিক/বাৎসরিক রিপোর্ট প্রস্তুত করা এবং TA-কে পরিকল্পনা বাস্তবায়নে সহায়তা করা;
- টিএ ফার্মের পরিকল্পনা ও বাস্তবায়ন প্রক্রিয়া পর্যালোচনা করা;
- এসিটি প্রশিক্ষণ পরিকল্পনা এবং প্রতিষ্ঠান পর্যায়ে প্রশিক্ষণ বাস্তবায়ন পর্যালোচনা করা;
- মাঠ পর্যায় হতে প্রাপ্ত রিপোর্ট পর্যালোচনা;
- টিএ ফার্মের প্রেরিত রিপোর্ট পর্যালোচনা করে ব্যবধান কমিয়ে আনতে প্রয়োজনীয় পরামর্শ দেয়া;
- গুণগত মান নিশ্চিত করার জন্য এসিটি কর্মসূচী বাস্তবায়নের সাথে সম্পৃক্ত অন্যান্য কার্যক্রম যাচাই করা;
- টিএ ফার্মের কাজ পরিবীক্ষণ করার জন্য যৌথভাবে মাঠ পরিদর্শন এবং প্রকল্প পরিচালকের নিকট রিপোর্ট করা;
- প্রতি মাসে অন্ততঃ একবার বাৎসরিক পরিকল্পনা বিষয়ে সভার আয়োজন করা;
- প্রকল্প পরিচালক বরাবর মাসিক প্রতিবেদন দাখিল করা।

উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসারঃ

- অতিরিক্ত ক্লাশের রুটিন প্রতিস্বাক্ষর করা;
- এসিটি কার্যক্রম পরিবীক্ষণ এবং প্রকল্প পরিচালককে রিপোর্ট প্রদান;
- রুটিন মত গুণগত মান অনুযায়ী নিয়মিত ও অতিরিক্ত ক্লাশ গ্রহণ পরিবীক্ষণ করা;
- আর্থিক অনিয়ম সম্পর্কিত প্রতিবেদন দাখিল করা।

স্কুল/মাদ্রাসা ম্যানেজিং কমিটি (এসএমসি/এমএমসি):

- এসিটি প্রোগ্রামে অন্তর্ভুক্তির জন্য এসএমসি/এমএমসি'র সভায় সিদ্ধান্ত গ্রহণ করা;
- এসিটি'র সাথে চুক্তিবদ্ধ হওয়া;
- ইংরেজি, গণিত ও বিজ্ঞান বিষয়ে এসিটি স্কীম চালু করার জন্য পূর্ণ সহযোগিতা প্রদান;
- নিয়মিত ও অতিরিক্ত ক্লাশ নিশ্চিত করার জন্য স্কুল পরিদর্শন করা;
- এসিটি কর্মসূচীর অগ্রগতি এসএমসি/এমএমসি সভায় আলোচনা করা;
- এসিটি প্রোগ্রামের সুবিধা মূল্যায়ন করে বিভিন্ন সাময়িক পরীক্ষার ফলাফল-এর ভিত্তিতে মূল্যায়ন এবং রেজুলেশন বইয়ে মন্তব্য করা;
- এসএমএস-এর মাধ্যমে মাসিক প্রতিবেদন সেকায়েপে প্রেরণ করা ।

প্যারেন্ট্স-টিচার্স এসোসিয়েশন (পিটিএ):

- শিক্ষার্থীদের নিয়মিত ও অতিরিক্ত ক্লাশে উপস্থিতি নিশ্চিত করা;
- নির্বাচিত শিক্ষার্থীদের পিতামাতাকে সচেতনতামূলক বার্তা প্রদান এবং এসিটি প্রোগ্রামের সুবিধা অবহিত করা;
- শিক্ষার্থীদের পিতামাতাকে উদ্বুদ্ধ করার জন্য হোম ভিজিট এবং তাঁদের সন্তানদের নিয়মিত ও অতিরিক্ত ক্লাশে অংশগ্রহণে উৎসাহিত করা;
- কোন অর্থ ব্যয় ব্যতিরেকে অতিরিক্ত ক্লাশের সুবিধা প্রাপ্তি সম্পর্কে দরিদ্র শিক্ষার্থীর বাবা মাকে অবহিত করা;

- নিয়মিত ও অতিরিক্ত ক্লাশের রুটিন সংগ্রহ করে পরিবীক্ষণ করা;
- পিটিএ সভায় এসিটি প্রোগ্রামের অগ্রগতি আলোচনা করা;
- নিয়মিত ও অতিরিক্ত ক্লাশ আয়োজনে প্রতিষ্ঠান প্রধানকে পূর্ণ সহায়তা প্রদান করা এবং মাসিক প্রতিবেদন তৈরি করে এসএমসি/এমএমসি, পিটিএ, এইচটি কর্তৃক স্বাক্ষরিত কপি সেকায়েপ-এ ও অনুলিপি USEO-ক প্রদান করা।

প্রতিষ্ঠান প্রধানঃ

- সঠিকভাবে সকল রেকর্ড সংরক্ষণঃ হাজিরা খাতা/রেজিষ্টার, একোয়েনটেন্স রেজিষ্টার, সেকায়েপ-এর জন্য পৃথক পরিদর্শন বই, এসএমসি/এমএমসি/পিটিএ'র রেজুলেশন বই, ফলাফলের তালিকা, হিসাব বই এবং অডিট রিপোর্ট;
- সকল রেকর্ড বিষয়ে এসএমসি/এমএমসি, পিটিএ, ইউএসইও ও প্রকল্প কর্মকর্তাদের জানানো;
- জবাবদিহি ও স্বচ্ছতা নিশ্চিত করার জন্য প্রতিষ্ঠান বিষয়ে সকল তথ্য সর্বসাধারণের জন্য উন্মুক্ত রাখা;
- এসএমসি/এমএমসি ও পিটিএ সভাপতির সহযোগিতা নিয়ে এসিটি কর্তৃক গৃহীত অতিরিক্ত ক্লাশের প্রত্যয়ন প্রদান;
- প্রতিপালন পরিবীক্ষণ (কমপ্লায়েন্স মনিটরিং)-এর মাধ্যমে যদি কোন প্রত্যয়ন অসত্য প্রমাণিত হয় সেক্ষেত্রে প্রতিষ্ঠান প্রধান সকল অর্থ ফেরত প্রদানে বাধ্য থাকবেন ।

অতিরিক্ত ক্লাশ শিক্ষক (এসিটি):

- মৌলিক ও নবায়ন প্রশিক্ষণ গ্রহণ ও শ্রেণী কক্ষে পাঠ দানে তা ব্যবহার করা;
- পাঠ পরিকল্পনা প্রস্তুত করে সেই অনুযায়ী ক্লাশ নেয়া;
- অনুমোদিত রুটিন অনুযায়ী বিষয় শিক্ষক হিসেবে নিয়মিত ও অতিরিক্ত ক্লাশ পরিচালনা করা;
- ধারাবাহিকভাবে শিক্ষার্থীদের মূল্যায়ন করে তাদের কর্মদক্ষতার (শিখন) রেকর্ড সংরক্ষণ;
- পিছিয়ে পড়া শিক্ষার্থীদের পোর্টফোলিও প্রস্তুত করে সাপ্তাহিকভিত্তিতে হাল নাগাদ করা এবং পরিবীক্ষণের জন্য তা ক্লাশ রুমে রাখা;
- শিক্ষার্থীদের হোম ভিজিট এর মাধ্যমে নিয়মিত ও অতিরিক্ত ক্লাশে উপস্থিত হওয়ার জন্য উদ্বুদ্ধকরণ;
- এসএমসি/এমএমসি এবং পিটিএ সভায় অংশগ্রহণ এবং এসিটি প্রোগ্রামের অগ্রগতি ও সমস্যা নিয়ে আলোচনা করা;
- প্রধান শিক্ষকসহ অন্যান্য শিক্ষক, ইউএসইও এবং সেকায়েপ কর্মকর্তাদের সাথে সমন্বয় রক্ষা;
- লাইব্রেরিয়ান/ডিআরএইচ-এর প্রতিনিধির সাথে যোগাযোগ রক্ষা এবং পিছিয়ে পড়া শিক্ষার্থীদের পড়ার দক্ষতা উন্নয়নের জন্য উদ্বুদ্ধ করা;
- ইএসিএম (Education Awareness and Social Mobilization) কর্মসূচীতে অংশগ্রহণ করা;
- এলআরএস (Local Resource Support) গঠন, ওরিয়েন্টেশন প্রদান, তাদের সামর্থ্যের উন্নয়ন ঘটানো এবং প্রতিষ্ঠান প্রধান, এসএমসি ও পিটিএ সদস্যদের সাথে সমন্বয় করে পিয়ার লার্নিং গ্রুপ তৈরী করা;
- অতিরিক্ত ক্লাশের প্রতিবেদন প্রস্তুত করে প্রতিষ্ঠান প্রধানকে দেয়া।

পরিশিষ্ট–১

সেকেন্ডারি এডুকেশন কোয়ালিটি এন্ড এনহান্সম্যান্ট প্রজেক্ট (সেকায়েপ)
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, শিক্ষা মন্ত্রণালয়

অতিরিক্ত ক্লাশ টিচার (এসিটি) স্কীমে অন্তর্ভুক্তির জন্য প্রতিষ্ঠানের আবেদন

(সফ্টওয়্যার অনুযায়ী ডাটা এন্ট্রি সহজতর করার জন্য এমআইএস সেল ও পিএমটিএ ফরমটি তৈরি করবে)

১. অতিরিক্ত ক্লাশ টিচার (এসিটি) স্কীমের জন্য আমাদের প্রতিষ্ঠানকে নির্বাচিত করায় সেকায়েপকে ধন্যবাদ জানাই। .... তারিখের এসএমসি/এমএমসি সভার রেজুল্যুশন (সংযুক্ত) অনুযায়ী, আমরা নিম্নস্বাক্ষরকারী, এতদ্বারা সেকায়েপের অধীনে অতিরিক্ত ক্লাশ টিচার (এসিটি) স্কীমে আমাদের প্রতিষ্ঠানের অন্তর্ভুক্তির জন্য আবেদন করছি।

২. **এসিটি আবেদন:** (যে কোন একটিকে বৃত্তাকারে চিহ্নিত করুন) ১. ইংরেজি; ২. গণিত; ৩. বিজ্ঞান ৪. ইংরেজি ও গণিত উভয়; ৫. ইংরেজি ও বিজ্ঞান উভয়; ৬. গণিত ও বিজ্ঞান উভয়; ৭. তিনটি বিষয়।

৩. **প্রতিষ্ঠানের তথ্য:**

ক. প্রতিষ্ঠানের নাম		ইআইআইএন:
খ. প্রতিষ্ঠানের ধরণ	১. মাদ্রাসা ২. স্কুল ৩. অন্যান্য	
গ. ঠিকানা	পোস্ট অফিস: উপজেলা: জেলা:	
ঘ. ব্যাংক হিসাব নং (যেখানে টিউশন ফী জমা হয়)		
ঙ. ব্যাংকের নাম		
চ. ব্যাংক শাখার ঠিকানা		শাখা কোড:

৪. **২০১৫ সালে স্কুলে শিক্ষার্থী তালিকাভুক্তি:**

শ্রেণী	৬	৭	৮	৯	১০	মোট	পিএমটি শিক্ষার্থী সংখ্যা
ছেলে							
মেয়ে							
মোট							

৫. **শিক্ষকদের তথ্য:**

শ্রেণী	শাখা সংখ্যা	গণিত শিক্ষকদের নাম	গণিত পড়ানোর যোগ্যতা	ইংরেজি শিক্ষকদের নাম	ইংরেজি পড়ানোর যোগ্যতা	বিজ্ঞান শিক্ষকদের নাম	বিজ্ঞান পড়ানোর যোগ্যতা
৬							
৭							
৮							
৯							
১০							
মোট							

৬. **শিক্ষকদের এমপিওভুক্তি অবস্থা**

বিষয়	**এমপিওভুক্ত**	**এমপিওভুক্ত নয়**
ইংরেজি		
গণিত		
বিজ্ঞান		

৭. জেএসসি/জেডিসি/এসএসসি/দাখিল পরীক্ষায় পাশের তথ্য:

	এসএসসি/দাখিল পরীক্ষায় অবতীর্ণ (শুধু নিয়মিত শিক্ষার্থীরা)	এসএসসি/দাখিল পরীক্ষায় পাশ (শুধু নিয়মিত শিক্ষার্থীরা)	জেএসসি/জেডিসি পরীক্ষায় অবতীর্ণ	জেএসসি/জেডিসি পরীক্ষায় পাশ
বছর				
২০১২				
২০১৩				
২০১৪				
গড়				

৮. এতদ্বারা আমরা ঘোষণা করছি যে, আমাদের প্রতিষ্ঠান অতিরিক্ত ক্লাশ টিচার (এসিটি) স্কীমের জন্য নির্বাচিত হলে, আমরা এসিটি অপারেশন ম্যানুয়ালের সকল শর্ত মেনে চলবো ।

....
এসএমসি/এমএমসি সভাপতি'র স্বাক্ষর
তারিখ:
দপ্তরের সীল
ফোন/মোবাইল নম্বর:

....
প্রতিষ্ঠান প্রধানের স্বাক্ষর
তারিখ:
দপ্তরের সীল
ফোন/মোবাইল নম্বর:

....
পিটিএ সভাপতির স্বাক্ষর
তারিখ:
দপ্তরের সীল
ফোন/মোবাইল নম্বর:

....

যাচাইপূর্বক উপরোক্ত তথ্যের সত্যতা পাওয়া গেছে এবং সকল তথ্য কম্পিউটারে অন্তর্ভুক্ত করা হয়েছে

হেড টিচার/সুপার	ইউএসইও	সেকায়েপ অফিসার
.... স্বাক্ষর ও তারিখ নাম দপ্তরের সীল ফোন/মোবাইল নম্বর:	.... স্বাক্ষর ও তারিখ নাম দপ্তরের সীল ফোন/মোবাইল নম্বর:	.... স্বাক্ষর ও তারিখ নাম ফোন/মোবাইল নম্বর:

আমি এতদ্বারা অতিরিক্ত ক্লাশ টিচার (এসিটি) স্কীমে এই প্রতিষ্ঠানের অন্তর্ভুক্তি অনুমোদন/অননুমোদন করছি ।

প্রকল্প পরিচালক
নাম
দপ্তরের সীল
ফোন/মোবাইল নম্বর:

সেকায়েপ ও প্রতিষ্ঠানের মধ্যে চুক্তিনামা

চুক্তিনামা প্রস্তুতের (তারিখ) ------------------------------ যাতে প্রকল্প পরিচালক, সেকেন্ডারি এডুকেশন কোয়ালিটি অ্যান্ড অ্যাকসেস এনহান্সমেন্ট প্রজেক্ট (সেকায়েপ)-কে অতঃপর **প্রথম পক্ষ** হিসেবে উল্লেখ করা হলো,

এবং

স্কুল/মাদ্রাসার ম্যানেজিং কমিটি --------------- ইআইআইএন ---------------------- ঠিকানা ------------------- কে অতঃপর **দ্বিতীয় পক্ষ** হিসেবে উল্লেখ করা হলো।

ক্লাশ রুটিন অনুযায়ী অতিরিক্ত ক্লাশ টিচার (এসিটি) ইংরেজি/গণিত/বিজ্ঞানের নিয়মিত ক্লাশ নিতে বাধ্য থাকবেন ।

২০১৫/২০১৬/২০১৭ সালের জন্য প্রাক্কলিত অতিরিক্ত ক্লাশের সংখ্যা (ইংরেজি)

৬ষ্ঠ শ্রেণী	৭ম শ্রেণী	৮ম শ্রেণী	৯ম শ্রেণী	১০ম শ্রেণী	মোট

২০১৫/২০১৬/২০১৭ সালের জন্য প্রাক্কলিত অতিরিক্ত ক্লাশের সংখ্যা (গণিত)

৬ষ্ঠ শ্রেণী	৭ম শ্রেণী	৮ম শ্রেণী	৯ম শ্রেণী	১০ম শ্রেণী	মোট

২০১৫/২০১৬/২০১৭ সালের জন্য প্রাক্কলিত অতিরিক্ত ক্লাশের সংখ্যা (বিজ্ঞান)

৬ষ্ঠ শ্রেণী	৭ম শ্রেণী	৮ম শ্রেণী	৯ম শ্রেণী	১০ম শ্রেণী	মোট

প্রতি বিষয়ের জন্য বিষয় শিক্ষকের সম্ভাব্য রুটিন

উভয় পক্ষ নিম্নলিখিত শর্তসমূহ মেনে চলবে:

১. প্রথম পক্ষের বাধ্যবাধকতা:

অতিরিক্ত ক্লাশ শিক্ষক কর্মসূচী বাস্তবায়নের ক্ষেত্রে প্রকল্প সার্বিকভাবে দায়ী থাকবে এবং তদপ্রেক্ষিতে,

ক) ইংরেজী/গণিত/বিজ্ঞান বিষয়ে নিয়মিত ও অতিরিক্ত ক্লাশ আয়োজনে সকল প্রকার সাহায্য এবং প্রায়োগিক সহায়তা প্রদান করবে;

খ) চুক্তি বাস্তবায়নের ক্ষেত্রে দ্বিতীয় পক্ষকে সহায়তা প্রদান করবে এবং ভুলক্রমে কোন অর্থ পরিশোধ হলে তা চাওয়া মাত্র ফেরৎ নেবে।

২. দ্বিতীয় পক্ষের শর্তসমূহ:

ক. এসএমসি/এমএমসি'র করণীয়:

অ. সেকায়েপ কর্তৃক নিয়োজিত টিএ ফার্মকে সহায়তা করা;

আ. মাসিক প্রতিবেদন তৈরি করে এসএমসি/এমএমসি, পিটিএ, এইচটি'র স্বাক্ষরসহ সেকায়েপে প্রেরণ করা এবং ইউএসইওকে একটি কপি দেবে;

ই. সার্বিক ব্যবস্থাপনায় অনিচ্ছাকৃত ত্রুটি সম্পর্কে সব সময় সজাগ থাকবে, বিশেষ করে স্কুলের রেকর্ডপত্র প্রধান শিক্ষক সার্বিকভাবে সংরক্ষণ নিশ্চিত করবে;

ঈ. পিছিয়ে পড়া শিক্ষার্থীদের জন্য সেকায়েপ কর্তৃক নিয়োগকৃত চুক্তিবদ্ধ অতিরিক্ত ক্লাশ টিচার (এসিটি) ইংরেজি /গণিত/বিজ্ঞান বিষয়ে অতিরিক্ত ক্লাশের ব্যবস্থা করবে;

উ. অতিরিক্ত ও নিয়মিত ক্লাশে উপস্থিতির জন্য শিক্ষার্থীর অভিভাবকদের অনুপ্রেরণা ও উৎসাহ প্রদান করা;

ঊ. প্রতিষ্ঠানে এসিটি কার্যক্রম পর্যবেক্ষণ করা;

ঋ. অভ্যন্তরীণ ও পাবলিক পরীক্ষার ফলাফল মূল্যায়নের মাধ্যমে নিয়মিত ও অতিরিক্ত ক্লাশের উপকারিতা যাচাই করা।

খ. পিটিএ'র করণীয়:

অ. নিয়মিত ও অতিরিক্ত ক্লাশে শিক্ষার্থীদের নিয়মিত উপস্থিতি নিশ্চিত করবে;
আ. সচেতনতা বার্তা ও নির্বাচিত শিক্ষার্থীদের অভিভাবকদের মধ্যে এসিটি'র সুবিধা সংক্রান্ত তথ্য প্রচার করবে;
ই. হোম ভিজিটের সময় সন্তানদের নিয়মিত ও অতিরিক্ত ক্লাশে পাঠাতে অভিভাবকদের উৎসাহিত করবে;
ঈ. এসিটি'র সুবিধা বিনামূল্যে প্রাপ্তির তথ্য অভিভাবকদের মধ্যে প্রচার করবে;
উ. নিয়মিত ও অতিরিক্ত ক্লাশের রুটিন সংগ্রহ এবং সে অনুযায়ী পরিবীক্ষণ করবে;
ঊ. পিটিএ সভায় এসিটি'র অগ্রগতি সম্পর্কে আলোচনা করবে;
ঋ. নিয়মিত ও অতিরিক্ত ক্লাশ নেয়ার জন্য প্রতিষ্ঠান প্রধানকে পূর্ণ সহায়তা দেবে;
এ. মাসিক প্রতিবেদন তৈরি করে এসএমসি, পিটিএ, এইচটি'র স্বাক্ষরসহ সেকায়েপে প্রেরণ করবে এবং ইউএসইওকে একটি কপি দেবে।

গ. প্রধান শিক্ষক/সুপার নিম্নবর্ণিত বিষয়ে দায়ী থাকবে:

অ. রেকর্ডসমূহ সঠিকভাবে রাখা: হাজিরা রেজিষ্টার, একুইটেন্স রেজিষ্টার, সেকায়েপের জন্য পৃথক পরিদর্শন রেজিষ্টার, রেজুলেশন রেজিষ্টার, এসএমসি/পিটিএ, ফলাফল শীট, হিসাব পাস বই এবং নিরীক্ষা রিপোর্ট;
আ. প্রকল্প কর্মকর্তা, উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, পিটিএ, এসএমসি'র মধ্যে রেকর্ডসমূহ বিনিময় করবে;
ই. কোন অনিয়ম ছাড়াই স্কুল/মাদ্রাসা'র আর্থিক দক্ষতা নিশ্চিত করবে;
ঈ. স্কুল/মাদ্রাসা পর্যায়ে স্বচ্ছতা এবং জবাবদিহিতা নিশ্চিত করতে স্কুল/মাদ্রাসার অতিরিক্ত ক্লাশ সম্পর্কিত সকল তথ্য অন্যদের জন্য উন্মুক্ত রাখবে;
উ. এসিটি কর্তৃক গ্রহণকৃত মোট অতিরিক্ত ক্লাশ সংখ্যা এসএমসি/এমএমসি ও পিটিএ সভাপতিসহ প্রধান শিক্ষক/সুপার সুপারিশ করবেন;
ঊ. যাচাই প্রক্রিয়ায় কোন অভিযোগ বা কোন মিথ্যা সুপারিশ পাওয়া গেলে এসিটিদের গৃহীত বেতন প্রধান শিক্ষক প্রকল্প বরাবর
ফেরত দিতে বাধ্য থাকবেন।

২. স্থিতিকাল এবং চুক্তি বাতিল:

অ. উভয় পক্ষের স্বাক্ষরের তারিখ থেকে এ চুক্তিটি কার্যকর হবে এবং প্রথম পক্ষের নোটিশের ভিত্তিতে পুনরায় বছরভিত্তিক নবায়ন যোগ্য হবে। তবে শর্ত থাকে যে, কোন অনিয়মের রেকর্ড এবং চুক্তির বাধ্যবাধকতার প্রেক্ষিতে কোন শর্ত অপূরণীয় থাকবে না;
আ. যদি কোন পক্ষ উল্লিখিত শর্ত পূরণ করতে ব্যর্থ হয় তবে অন্য পক্ষ ৩০ (ত্রিশ) দিনের লিখিত নোটিশে চুক্তি বাতিল করার ক্ষমতা রাখে।

স্বাক্ষর:	স্বাক্ষর:
তারিখ:	তারিখ:
প্রকল্প পরিচালক	সভাপতি, ম্যানেজিং কমিটি
(দপ্তরের সীল)	(দপ্তরের সীল)

স্বাক্ষী :

ক) নাম (প্রধান শিক্ষক): স্বাক্ষর:
তারিখ:

খ) নাম (অভিভাবক): স্বাক্ষর:
তারিখ:

অতিরিক্ত ক্লাশ টিচার (এসিটি) স্কীমের জন্য কোয়ালিটি ওয়ার্কিং কমিটি (কিউডাব্লিউসি)

১. অতিরিক্ত প্রকল্প পরিচালক	-	সভাপতি;
২. এমইডব্লিউ/ডিএসএইচই পরিচালক/প্রতিনিধি	-	সদস্য
৩. উপ প্রকল্প পরিচালক (ডিপিডি), এসিটি স্কীম	-	সদস্য
৪. সহকারি পরিচালক (এডি), এসিটি স্কীম	-	সদস্য
৫. টিএ প্রতিনিধি	-	সদস্য-সচিব;
৬. সেকায়েপ ফোকাল পারসন (৩ জন)	-	সদস্য;
৭. বিষয় বিশেষজ্ঞ ৩ জন (ইংরেজি, গণিত অথবা বিজ্ঞান)	-	সদস্য;
৮. কোয়ালিটি এ্যাস্যুরেন্স কনসালটেন্ট	-	সদস্য;
৯. ডিআরএইচ প্রতিনিধি	-	সদস্য;
১০. বিশ্ব ব্যাংকের প্রতিনিধি (আমন্ত্রিত)	-	সদস্য

টিএ ফার্মের মনোনীত প্রতিনিধিগণ আবর্তনক্রমে সদস্য সচিব-এর দায়িত্ব পালন করবেন এবং ৬ মাসের অতিরিক্ত কোন প্রতিনিধি বহাল থাকবেন না।

কার্যকরী কমিটির কর্ম-পরিধি: (সেকায়েপ স্থিতিকাল ২০১৪ - ২০১৭)

১. কিউডব্লিউসি'র জন্য বিস্তারিত বার্ষিক কর্ম-পরিকল্পনা তৈরি করবে;
২. সম্পাদিত কাজের ওপর ভিত্তি করে কিউডব্লিউসি মাসিক/ত্রৈমাসিক/বার্ষিক প্রতিবেদন তৈরি করবে এবং তা সংশ্লিষ্ট সহযোগীদের সাথে বিনিময় করবে;
৩. টিএকে এসিটি কার্যক্রমের গুণগত মান বজায় রেখে বাস্তবায়নের জন্য প্রায়োগিক সহায়তা ও উপদেশ প্রদান করবে;
৪. সেকায়েপ, এমইডব্লিউ, মাউশি, শিক্ষা মন্ত্রণালয় এবং দাতা সংস্থাসমূহের মধ্যে সমন্বিত এবং ঘনিষ্ঠ সম্পর্ক তৈরি করবে;
৫. প্রতিষ্ঠান পর্যায়ে এসিটি স্কীম বাস্তবায়ন পর্যবেক্ষণের জন্য যৌথভাবে মাঠ পরিদর্শন এবং আরো উন্নয়নের জন্য প্রয়োজনীয় সুপারিশ প্রদান করবে;
৬. কমিটি প্রয়োজন অনুযায়ী নতুন সদস্য অন্তর্ভুক্ত করতে পারবে।

পরিশিষ্ট – ৪

নিয়মিত ও অতিরিক্ত ক্লাশের (এসি) সময়সূচী

প্রতিষ্ঠান:...ইআইআইএন:...

উপজেলা: .... জেলা: ....

বিষয়ের নাম: ক. ইংরেজি, খ. গণিত ও গ. বিজ্ঞান

	শনিবার	রবিবার	সোমবার	মঙ্গলবার	বুধবার	বৃহস্পতিবার	শুক্রবার
ষষ্ঠ							
সপ্তম							
অষ্টম							
নবম							
দশম							

টীকা:

১. প্রতিটি এসি পাঠ এক ঘন্টা সময়কালীন হবে;

২. প্রতি বছর প্রতি শ্রেণীর (গ্রেড) প্রতি বিষয়ের এসি সংখ্যা ২৪ অতিক্রম করবে না;

৩. ছক/ফরম্যাট অনুসরণ করে প্রতিষ্ঠান নিজস্ব এসির রুটিন তৈরি করবে ।

পরিবীক্ষণ চেকলিস্ট

পরিবীক্ষণ কর্মকর্তার নাম: ....

ভ্রমণের তারিখ: ....

পদবী: ....

পরিদর্শিত প্রতিষ্ঠান: ....

ইআইআইএন: ....

উপজেলা: .... জেলা: ....

প্রতিষ্ঠান প্রধানের নাম: ....মোবাইল নং: ....

ক. নিয়মিত ক্লাশের তথ্য:

অ. প্রাপ্য রেকর্ড ও রেজিষ্টারসমূহ

নিয়মিত ক্লাসের রুটিন	শিক্ষার্থীদের উপস্থিতি রেজিস্টার	শিক্ষকদের উপস্থিতি রেজিস্টার
হ্যাঁ/না	হ্যাঁ/না	হ্যাঁ/না

আ. এসিটি কতৃক সংগৃহীত নিয়মিত ক্লাশের সংখ্যা

শ্রেণী	পূর্ববর্তী মাস		
	ইংরেজি	গণিত	বিজ্ঞান
ষষ্ঠ			
সপ্তম			
অষ্টম			
নবম			
দশম			

খ. অতিরিক্ত ক্লাশের তথ্য:

অ. প্রাপ্য রেকর্ড ও রেজিষ্টারসমূহ

অতিরিক্ত ক্লাশের রুটিন	শিক্ষার্থীদের উপস্থিতি রেজিস্টার	শিক্ষকদের উপস্থিতি রেজিস্টার	পিছিয়ে পড়া শিক্ষার্থীদের পোর্টফোলিও
হ্যাঁ/না	হ্যাঁ/না	হ্যাঁ/না	হ্যাঁ/না

আ. অতিরিক্ত ক্লাশ সংখ্যা

বিষয়	শ্রেণী	পরিকল্পিত ক্লাশসমূহ		গৃহীত ক্লাশসমূহ		নাম
		পূর্ববর্তী মাস (ক্রমসঞ্চিত)	চলতি মাস	পূর্ববর্তী মাস	চলতি মাস	অতিরিক্ত ক্লাশ টিচার (এসিটি)
ইংরেজি	ষষ্ঠ					
	সপ্তম					
	অষ্টম					
	নবম					
	দশম					
গণিত	ষষ্ঠ					
	সপ্তম					
	অষ্টম					
	নবম					
	দশম					
বিজ্ঞান	ষষ্ঠ					
	সপ্তম					
	অষ্টম					
	নবম					
	দশম					

গ. শিক্ষার্থীদের কাছ থেকে সংগৃহীত তথ্য

অ. নিয়মিত ক্লাশ

পর্যবেক্ষিত ক্লাশ	ষষ্ঠ/সপ্তম/অষ্টম/নবম/দশম
তারিখ অনুযায়ী পৃথক নোটখাতা ব্যবহার করে এমন শিক্ষার্থীর শতকরা হার	
শিক্ষার্থীদের নোটখাতা অনুযায়ী অনুষ্ঠিত নিয়মিত ক্লাশের সংখ্যা	
নিয়মিত ক্লাশে উপস্থিত শিক্ষার্থীদের সংখ্যা	

আ. অতিরিক্ত ক্লাশ

পর্যবেক্ষণ করা ক্লাশ	ষষ্ঠ/সপ্তম/অষ্টম/নবম/দশম
তারিখ অনুযায়ী অতিরিক্ত ক্লাশে পৃথক নোটখাতা ব্যবহার করে এমন শিক্ষার্থীর শতকরা হার	
শিক্ষার্থীদের নোটখাতা অনুযায়ী অনুষ্ঠিত এসি সংখ্যা	
অতিরিক্ত ক্লাশে উপস্থিত শিক্ষার্থীদের সংখ্যা	

ঘ. শ্রেণী পর্যবেক্ষণ (এসি/নিয়মিত)

শ্রেণী	**শিক্ষার্থীর সংখ্যা এসি/নিয়মিত**		**বিষয়**	**এসিটির নাম**
	নিবন্ধিত	**উপস্থিত**		
ব্যবহৃত লেসন প্লান (এলপি)	**সংগৃহীত হোম ওয়ার্ক**	**ব্যবহৃত শিক্ষণ উপকরণ**	**প্রস্তুতের ধরন**	**গঠনমূলক মূল্যায়ন**

৩. প্রাপ্ত তথ্যঃ

৪. সুপারিশঃ

তারিখসহ স্বাক্ষরঃ

প্রতিষ্ঠান প্রধান কর্তৃক অতিরিক্ত ক্লাশের প্রতিবেদন ও প্রত্যয়ন

প্রতিষ্ঠানঃ ....ইআইআইএনঃ...

উপজেলাঃ ....জেলাঃ .... মাসিক

বিষয়ঃ ....

এসিটি'র নামঃ

এসিটি'র নাম (ইংরেজি, গণিত ও বিজ্ঞান)	গৃহীত অতিরিক্ত ক্লাশ সংখ্যা						**মন্তব্য**
	ষষ্ঠ	সপ্তম	অষ্টম	নবম	দশম	সর্বমোট	

....

সভাপতি (এসএমসি) সভাপতি (পিটিএ) প্রতিষ্ঠান প্রধান

(সীল) (সীল) (সীল)

টীকাঃ এসিএফ প্রস্তুত ও এসিটি**দের সম্মানীর জন্য প্রতিষ্ঠান উপরোক্ত প্রতিবেদন/সার্টিফিকেশন মাসিকভিত্তিতে সেকা**য়েপ**-এ প্রেরণ করবে** এবং **ইউএসইওকে একটি কপি** দেবে।

পরিশিষ্ট – ৭

পিছিয়ে পড়া শিক্ষার্থীদের পোর্টফোলিও

১. ব্যক্তিগত:

ছবি

শিক্ষার্থীর নাম			
শ্রেণী		রোল নং	
পিএমটি আইডি			
জন্ম তারিখ			
পিতার নাম		পেশা	
মোবাইল নম্বর			
মাতার নাম		পেশা	
মোবাইল নম্বর			
ভাইবোনের সংখ্যা ও তাদের অবস্থান			
মাসিক পারিবারিক আয়			

২. সামাজিক

বন্ধু-বান্ধবদের সংখ্যা	স্কুলের ভিতর		স্কুলের বাইরে	
শিক্ষকের সাথে সম্পর্ক				
সাংস্কৃতিক কার্যকলাপের সাথে সম্পৃক্ততা (কার্যক্রমগুলো উল্লেখ করুন)				

৩. অধ্যয়ন বিষয়ক

অ. পটভূমি

ক. গত বছরের বার্ষিক পরীক্ষার ফলাফল

বিষয়	**ফলাফল**
বাংলা ১ম	
বাংলা ২য়	
ইংরেজি ১ম	
ইংরেজি ২য়	
গণিত	
সামাজিক বিজ্ঞান	
সাধারণ বিজ্ঞান	
ধর্ম	
গার্হস্থ্য অর্থনীতি/কৃষি শিক্ষা	

নোট: ৯ম ও ১০ম শ্রেণীর ক্ষেত্রে এসিটি প্রয়োজনীয় বিষয়ের ফলাফল উপরোক্ত টেবিলে অন্তর্ভুক্ত করবে।

খ. বর্তমান কর্মক্ষমতা

বিষয়	মাসিক পরীক্ষা এমটি ১	মাসিক পরীক্ষা এমটি ২	মাসিক পরীক্ষা এমটি ৩	মাসিক পরীক্ষা এমটি ৪	মাসিক পরীক্ষা এমটি ৫	মাসিক পরীক্ষা এমটি ৬	মাসিক পরীক্ষা এমটি ৭	মাসিক পরীক্ষা এমটি ৮	মাসিক পরীক্ষা এমটি ৯	মাসিক পরীক্ষা এমটি ১০	মাসিক পরীক্ষা এমটি ১১	মাসিক পরীক্ষা এমটি ১২
ইংরেজি												
গণিত												
বিজ্ঞান												

নোট: প্রয়োজন হলে, এসিটি অন্যান্য বিষয় শিক্ষক অথবা ইংরেজি/গণিত/বিজ্ঞানের এসিটিদের সাথে পরামর্শ করতে পারে।

গ. শিক্ষার্থীদের শিখণ স্তর উন্নতির জন্য এসিটি'র কৌশল:

শিক্ষা উন্নয়নের ক্ষেত্রে কৌশল গ্রহনের জন্য টিপস্

- পরামর্শ দান
- অভিভাবকের সভা
- সাপ্তাহিক/মাসিক টেস্ট (এমটি)
- হোম ভিজিট
- মৌখিক প্রশংসা
- এসাইনমেন্ট ও রসাস্বাদন
- প্রতিযোগিতা
- উদ্দীপক
- অন্যান্য বিষয় শিক্ষক ও এসিটিদের সাথে সংগঠন

আ. অন্যান্য

গৃহীত কৌশল	ফলাফল/উন্নয়ন

নোট: পিছিয়ে পড়া ছাত্র/ছাত্রীদের উন্নয়ন সম্পর্কে ত্রৈমাসিকভাবে সেকায়েপকে রিপোর্ট করবে।

হোম ভিজিটের জন্য চেকলিস্ট (এলআরএস)

প্রাথমিক তথ্য

শিক্ষার্থীর নাম:	
শ্রেণী:	রোল:
	ছেলে/ মেয়ে:
পরিদর্শনকারীর নাম:	
পদবী:	তারিখ:
পরিদর্শনের কারণ:	
পিতার নাম:	
পেশা ও মাসিক আয়:	
মাতার নাম:	
পেশা ও মাসিক আয়:	

শিক্ষাগত তথ্য:

ক্র. নং.		প্রাপ্ত তথ্য
১.	সে কি স্কুলে যেতে পছন্দ করে?	
২.	বাড়িতে সে কত ঘন্টা পড়াশুনা করে?	
৩.	বাড়ির কাজ প্রস্তুতের জন্য বাসায় তাকে সাধারণতঃ কে সাহায্য করে থাকে?	
৪.	তার মতে শিক্ষকরা কি ঠিক মতো পড়ায়?	
৫.	তার কাছে কোন বিষয়টি সবচেয়ে কঠিন?	
৬.	সে কি এসি'তে অংশগ্রহণ করে? কোন বিষয়?	
৭.	তার কাছে কি স্কুলের আগে/পরে এসি'তে অংশগ্রহণ করা কোনো সমস্যা?	
৮.	পরীক্ষায় ভালো ফলাফলের জন্য সে কি এসি'কে সহায়ক হিসেবে মনে করে?	
৯.	সে কি পাঠাভ্যাস উন্নয়ন কর্মসূচী হতে বই ধার করে?	
১০.	সে কি অর্থের বিনিময়ে অন্য কোনো প্রাইভেট টিউশনে যায়? যদি যায়, সে কত টাকা পরিশোধ করে? কোন বিষয়ের জন্য?	
১১.	সে কি কোনো গৃহস্থালীর কাজ করে থাকে?	